# আপনি যখন আমাদের পরিষেবাগুলি ব্যবহার করেন, তখন আপনি আপনার তথ্য সম্পর্কে আমাদের বিশ্বাস করেন। আমরা বুঝি এটি একটি বড় দায়িত্ব এবং আপনার তথ্য রক্ষা করা ও সবকিছু আপনার নিয়ন্ত্রণে রাখার জন্য কঠোর পরিশ্রম করি।

এই গোপনীয়তা নীতির উদ্দেশ্য হল আমরা কোন তথ্য সংগ্রহ করি, এটি কেন সংগ্রহ করি এবং আপনি কীভাবে আপনার তথ্য আপডেট, পরিচালনা ও রপ্তানি করতে এবং মুছতে পারবেন তা বুঝতে আপনাকে সাহায্য করা।

আপনার তথ্য প্রসেস করার ক্ষেত্রে ইউরোপীয় ইউনিয়ন বা যুক্তরাজ্যের ডেটা সুরক্ষা আইন প্রযোজ্য হলে, এই আইনের সাথে Google-এর সম্মতি এবং আপনার অধিকার সম্পর্কে আরও জানুন। এর জন্য, এখানে ইউরোপীয় প্রয়োজনীয়তা বিভাগটি দেখুন।

গোপনীয়তা চেক-আপ

গোপনীয়তা সেটিংস পরিবর্তন করতে চান?

গোপনীয়তা চেক-আপ ব্যবহার করুন

কার্যকর হওয়ার তারিখ ১৬ সেপ্টেম্বর, ২০২৪ | আর্কাইভ করা সংস্করণ

আমরা অনেক ধরনের পরিষেবা তৈরি করে প্রতিদিন লক্ষ লক্ষ মানুষকে অন্বেষণ করতে ও বিশ্বের সাথে নতুন নতুন উপায়ে ইন্টারঅ্যাক্ট করতে সাহায্য করি। আমাদের পরিষেবাগুলিতে অন্তর্ভুক্ত:

- Google অ্যাপ, সাইট এবং ডিভাইস; যেমন, সার্চ, YouTube এবং Google হোম
- Chrome ব্রাউজার এবং Android অপারেটিং সিস্টেমের মত প্ল্যাটফর্ম
- থার্ড-পার্টি অ্যাপ ও সাইটের মধ্যে ইন্টিগ্রেট করা প্রোডাক্ট; যেমন, বিজ্ঞাপন, বিশ্লেষণ এবং এম্বেড করা Google Maps

আপনার গোপনীয়তা ম্যানেজ করতে আপনি বিভিন্ন উপায়ে আমাদের পরিষেবা ব্যবহার করতে পারেন। যেমন, আপনি ইমেল এবং ফটোর মতো কন্টেন্ট তৈরি ও ম্যানেজ করতে চাইলে অথবা আরও প্রাসঙ্গিক সার্চ ফলাফল পেতে চাইলে Google অ্যাকাউন্টের জন্য সাইন-আপ করতে পারেন। আপনি সাইন-আউট করে বা কোনও অ্যাকাউন্ট তৈরি না করেই অনেক Google পরিষেবা ব্যবহার করতে পারবেন, যেমন Google-এ সার্চ করা বা YouTube-এ ভিডিও দেখা। এছাড়াও, Chrome ছদ্মবেশী মোডের মতো গোপনীয় মোড ব্যবহার করে আপনি ওয়েব ব্রাউজ করতে পারেন। এটি আপনার ডিভাইসের অন্য ব্যবহারকারীদের থেকে আপনার ব্রাউজিং গোপন রাখবে। আমাদের বিভিন্ন পরিষেবায় আপনি গোপনীয়তা সেটিংসে পরিবর্তন করতে পারবেন যাতে আমরা কয়েক ধরনের ডেটা সংগ্রহ করব কিনা এবং কীভাবে ব্যবহার করব তা আপনি নিয়ন্ত্রণ করতে পারেন।

জিনিসগুলি যতটা সম্ভব স্পষ্টভাবে ব্যাখ্যা করতে আমরা মুখ্য শব্দাবলীর জন্য উদাহরণ, ব্যাখ্যামূলক ভিডিও এবং সংজ্ঞা যুক্ত করেছি। এবং যদি এই গোপনীয়তা নীতি সম্পর্কে আপনার কোনও প্রশ্ন থাকে তাহলে আপনি আমাদের সাথে যোগাযোগ করতে পারেন।

---

GOOGLE যে তথ্যগুলি সংগ্রহ করে

# আপনি আমাদের পরিষেবাগুলি ব্যবহার করার সময় আমরা যে ধরনের তথ্য সংগ্রহ করি তা আমরা চাই যে আপনি বুঝে নিন

আমাদের সকল ব্যবহারকারীকে সেরা পরিষেবা দিতে আমরা তথ্য সংগ্রহ করি - আপনি কোন ভাষায় কথা বলেন, এই রকম সাধারণ বিষয় থেকে কোন বিজ্ঞাপনগুলি আপনার কাছে সবচেয়ে উপযোগী, অনলাইনে কারা আপনার কাছে সবচেয়ে গুরুত্বপূর্ণ বা কোন YouTube ভিডিওগুলি আপনি পছন্দ করবেন, এই রকম আরও জটিল বিষয় পর্যন্ত বিবেচনা করি। যে তথ্য Google

সংগ্রহ করে এবং যে তথ্যটি ব্যবহার করা হয় তা নির্ভর করে আপনি কীভাবে আমাদের পরিষেবাগুলি ব্যবহার করেন এবং কীভাবে আপনি আপনার গোপনীয়তা নিয়ন্ত্রণগুলি পরিচালনা করেন।

আপনি কোনও Google অ্যাকাউন্টে সাইন-ইন না করা অবস্থাতে আমরা আপনি যে ব্রাউজার, অ্যাপ্লিকেশন অথবা ডিভাইসটি ব্যবহার করছেন তার সাথে সংযুক্ত অনন্য শনাক্তকারী দিয়ে সংগ্রহ করা তথ্য সংরক্ষণ করে রাখি। এটি আমাদেরকে আপনার সব ব্রাউজিং সেশনে আপনার পছন্দের ভাষা অথবা আপনাকে আপনার অ্যাক্টিভিটির ভিত্তিতে আরও প্রাসঙ্গিক সার্চ ফলাফল অথবা বিজ্ঞাপন দেখানো হবে কিনা ইত্যাদির মতো অভিরুচিগুলি বজায় রাখতে সাহায্য করে।

আপনি যখন সাইন-ইন করে থাকেন তখন আমরা যে তথ্য সংগ্রহ করি সেগুলি আপনার Google অ্যাকাউন্টের সাথে সংরক্ষণ করি এবং সেগুলিকে আমরা ব্যক্তিগত তথ্য হিসেবে গণ্য করি।

## আপনি যা তৈরি করেন বা আমাদের প্রদান করেন

Google অ্যাকাউন্ট তৈরি করার সময় আপনি আমাদেরকে নিজের ব্যক্তিগত তথ্য দেন, যেখানে আপনার নাম এবং পাসওয়ার্ড থাকে। এছাড়াও, আপনার অ্যাকাউন্টে আপনি একটি ফোন নম্বর অথবা পেমেন্টের তথ্য যোগ করতে পারেন। এমনকি, আপনি Google অ্যাকাউন্টে সাইন-ইন না করেও আমাদের সাথে তথ্য শেয়ার করতে পারেন — যেমন Google টিমের সাথে যোগাযোগ করতে বা আমাদের পরিষেবা সম্পর্কে আপডেট পাওয়ার জন্য একটি ইমেল আইডি যোগ করতে পারেন।

আমাদের পরিষেবাগুলি ব্যবহার করার সময় আপনার তৈরি করা, আপলোড করা বা অন্যদের কাছ থেকে পাওয়া বিষয়বস্তুও আমরা সংগ্রহ করি। এতে অন্তর্ভুক্ত থাকে আপনি লিখে থাকা এবং পেয়ে থাকা ইমেল, আপনি সংরক্ষণ করে থাকা ফটো এবং ভিডিও, আপনার তৈরি করা নথিপত্র এবং স্প্রেডশিট এবং YouTube ভিডিওতে আপনার করা মন্তব্যগুলি।

## আপনি আমাদের পরিষেবাগুলি ব্যবহার করার সময় আমরা যে তথ্য সংগ্রহ করি

### আপনার অ্যাপ, ব্রাউজার ও ডিভাইস

আমরা Google পরিষেবাগুলি অ্যাক্সেস করতে আপনার ব্যবহার করা অ্যাপ, ব্রাউজার এবং ডিভাইস সম্পর্কে তথ্য সংগ্রহ করি, যা আমাদের অটোমেটিক প্রোডাক্ট আপডেট ইত্যাদির মতো

বৈশিষ্ট্য প্রদান করতে এবং আপনার ব্যাটারির চার্জ কম থাকলে স্ক্রিনের আলো কমিয়ে দিতে সাহায্য করে।

আমাদের সংগ্রহ করা তথ্যে অন্তর্ভুক্ত থাকে অনন্য শনাক্তকারী, ব্রাউজারের প্রকার এবং সেটিংস, ডিভাইসের ধরন এবং সেটিংস, অপারেটিং সিস্টেম, ক্যারিয়ারের নাম এবং ফোন নম্বর সহ মোবাইল নেটওয়ার্কের তথ্য এবং অ্যাপ্লিকেশনের সংস্করণ নম্বর। এছাড়া আমরা আইপি ঠিকানা, ক্র্যাশ রিপোর্ট, সিস্টেম অ্যাক্টিভিটি এবং তারিখ, সময় ও আপনার অনুরোধের রেফারার ইউআরএল সহ আমাদের পরিষেবাগুলির সাথে আপনার অ্যাপ, ব্রাউজার এবং ডিভাইসের ইন্টারঅ্যাকশনের বিষয়েও তথ্য সংগ্রহ করি।

যখন আপনার ডিভাইসের একটি Google পরিষেবা আমাদের সার্ভারের সাথে যোগাযোগ করে তখন আমরা এই তথ্য সংগ্রহ করি –উদাহরণ স্বরূপ, যখন আপনি Play Store থেকে কোনও অ্যাপ্লিকেশন ইনস্টল করেন বা কোনও অটোমেটিক আপডেট আছে কিনা তার জন্য কোনও পরিষেবা দিয়ে পরীক্ষা করা হয়। আপনি যদি Google অ্যাপ থাকা একটি Android ডিভাইস ব্যবহার করেন , তাহলে আপনার ডিভাইস এবং আমাদের পরিষেবাগুলির সাথে সংযোগ সম্পর্কে তথ্য প্রদান করতে আপনার ডিভাইস নিয়মিতভাবে Google সার্ভারের সাথে যোগাযোগ করে। এই তথ্যের মধ্যে থাকে আপনার ডিভাইসের ধরন এবং পরিষেবা প্রদানকারীর নাম, ক্র্যাশ রিপোর্ট, কোন অ্যাপ ইনস্টল করেছেন ও আপনার ডিভাইসের সেটিংস অনুযায়ী, কীভাবে আপনি নিজের Android ডিভাইস ব্যবহার করছেন সেই সম্পর্কে অন্যান্য তথ্য।

## আপনার অ্যাক্টিভিটি

আমাদের পরিষেবাগুলিতে আপনার করা অ্যাক্টিভিটি সম্পর্কে আমরা তথ্য সংগ্রহ করি, যা দিয়ে আমরা আপনার ভাল লাগতে পারে এমন YouTube ভিডিও সুপারিশ করা ইত্যাদির মতো কাজ করি। আমরা সংগ্রহ করা অ্যাক্টিভিটির তথ্যে অন্তর্ভুক্ত হতে পারে:

- যে শব্দাবলী আপনি খোঁজেন
- যে ভিডিওগুলি আপনি দেখেন
- বিষয়বস্তু ও বিজ্ঞাপন দেখা এবং সেগুলির সাথে ইন্টারঅ্যাকশন করা
- ভয়েস এবং অডিওর তথ্য
- কেনাকাটার অ্যাক্টিভিটি
- যাদের সাথে আপনি যোগাযোগ করেন বা বিষয়বস্তু শেয়ার করেন
- আমাদের পরিষেবা ব্যবহার করে এমন থার্ড পার্টি সাইটে এবং অ্যাপে অ্যাক্টিভিটি

- আপনার Google অ্যাকাউন্টের সাথে সিঙ্ক করা Chrome ব্রাউজিংয়ের ইতিহাস

আপনি যদি আমাদের পরিষেবা ব্যবহার করে কল করে থাকেন বা কল রিসিভ করে থাকেন, আমরা হয়ত কল ও মেসেজ লগ সম্পর্কিত তথ্য যেমন আপনার ফোন নম্বর, যিনি কল করছেন তার ফোন নম্বর, যিনি কল ধরছেন তার নম্বর, ফরওয়ার্ড করা নম্বর, ইমেল প্রেরক ও প্রাপকের ইমেল আইডি, কল ও মেসেজের সময় ও তারিখ, কলের সময়সীমা, রুটিং তথ্য এবং কল ও মেসেজের ধরন এবং সংখ্যা ইত্যাদি সংগ্রহ করতে পারি।

আপনি Google অ্যাকাউন্টে গিয়ে আপনার অ্যাকাউন্টে সংরক্ষণভ করা অ্যাক্টিভিটির তথ্য খুঁজতে এবং পরিচালনা করতে পারেন।

Google অ্যাকাউন্টে যান

## আপনার অবস্থানের তথ্য

আপনি আমাদের পরিষেবা ব্যবহার করলে আমরা লোকেশন তথ্য সংগ্রহ করি, যা গাড়ি চালানোর দিকনির্দেশের মতো ফিচার, আপনার কাছাকাছি থাকা জিনিসের জন্য সার্চ ফলাফল ও লোকেশনের ভিত্তিতে বিজ্ঞাপন দেখাতে সাহায্য করে।

আপনার ব্যবহার করা কিছু পরিষেবা ও প্রোডাক্ট আরও সহায়ক করে তোলার জন্য সাহায্য করতে, Google আপনার ব্যবহার করা প্রোডাক্ট ও বেছে নেওয়া সেটিংসের উপরে নির্ভর করে লোকেশন সংক্রান্ত বিভিন্ন তথ্য ব্যবহার করতে পারে। এগুলির মধ্যে রয়েছে:

- জিপিএস এবং আপনার ডিভাইস থেকে পাওয়া অন্যান্য সেন্সর ডেটা
- IP ঠিকানা
- Google পরিষেবায় আপনার করা অ্যাক্টিভিটি, যেমন আপনার করা সার্চ অথবা বাড়ি বা অফিস হিসেবে আপনার লেবেল করে রাখা জায়গা
- আপনার ডিভাইসের আশেপাশে থাকা জিনিসগুলির তথ্য, উদাহরণ স্বরূপ ওয়াই-ফাই অ্যাক্সেস পয়েন্ট, মোবাইল টাওয়ার এবং ব্লুটুথ চালু থাকা ডিভাইস

আমাদের সংগ্রহ করা লোকেশনের ডেটা এবং আমরা তা কতদিন ধরে রেখে দিই তা আংশিকভাবে আপনার ডিভাইস এবং অ্যাকাউন্ট সেটিংসের উপর নির্ভর করে। যেমন, আপনি ডিভাইসের সেটিংস অ্যাপ ব্যবহার করে আপনার Android ডিভাইসের লোকেশন চালু বা বন্ধ

করতে পারেন। আপনি লোকেশনের ইতিহাস চালু করে সাইন-ইন করা ডিভাইস নিয়ে যেসব জায়গায় যান তার জন্য ব্যক্তিগত ম্যাপ তৈরি করতে পারেন। এবং ওয়েব ও অ্যাপ অ্যাক্টিভিটি সেটিং চালু করা থাকলে, Google পরিষেবায় আপনার সার্চ এবং অন্যান্য অ্যাক্টিভিটি, যার মধ্যে লোকেশন সম্পর্কিত তথ্যও অন্তর্ভুক্ত থাকতে পারে, তা আপনার Google অ্যাকাউন্টে সেভ করা হয়। আমরা কীভাবে লোকেশন সম্পর্কিত তথ্য ব্যবহার করি সেই সম্পর্কে আরও জানুন।

---

কিছু পরিস্থিতিতে, Google সর্বজনীনভাবে অ্যাক্সেসযোগ্য সোর্স থেকেও আপনার সম্পর্কে তথ্য সংগ্রহ করে। যেমন, স্থানীয় সংবাদপত্রে আপনার নাম প্রকাশিত হলে Google-এর সার্চ ইঞ্জিন সেই নিবন্ধটি ইন্ডেক্স করতে পারে এবং অন্য কেউ আপনার নাম খুঁজলে সেটি তাকে দেখানো হতে পারে। আমরা বিশ্বস্ত সহযোগীদের কাছ থেকেও আপনার সম্পর্কে তথ্য সংগ্রহ করতে পারি, যেমন ডিরেক্টরি পার্টনার, যারা Google-এর পরিষেবায় দেখানোর জন্য ব্যবসার তথ্য সরবরাহ করেন, মার্কেটিং পার্টনার, যারা আমাদের ব্যবসায়িক পরিষেবার সম্ভাব্য গ্রাহকদের সম্পর্কে তথ্য সরবরাহ করেন এবং নিরাপত্তা পার্টনার, যারা অপব্যবহারের বিরুদ্ধে নিরাপত্তা দিতে আমাদের তথ্য সরবরাহ করেন। এছাড়া, পার্টনারদের হয়ে বিজ্ঞাপন ও গবেষণা সংক্রান্ত পরিষেবা প্রদান করার জন্য আমরা পার্টনারদের থেকে তথ্য পাই।

তথ্য সংগ্রহ ও সংরক্ষণ করার জন্য আমরা বিভিন্ন প্রযুক্তি ব্যবহার করি; যেমন কুকিজ, পিক্সেল ট্যাগ, স্থানীয় স্টোরেজ; যেমন, ব্রাউজারের ওয়েব স্টোরেজ বা অ্যাপ্লিকেশন ডেটা ক্যাশ, ডেটাবেস এবং সার্ভার লগ।

---

GOOGLE কেন ডেটা সংগ্রহ করে

# আমাদের পরিষেবাগুলি আরও ভাল করতে আমরা ডেটা ব্যবহার করি

আমাদের সব পরিষেবা থেকে সংগ্রহ করা তথ্য আমরা নিম্নলিখিত উদ্দেশ্যে ব্যবহার করি:

### আমাদের পরিষেবা প্রদান করতে

আমাদের পরিষেবাগুলি প্রদান করতে আমরা আপনার তথ্য ব্যবহার করি; যেমন, ফলাফল প্রদান করতে খোঁজার জন্য আপনার ব্যবহার করে থাকা শব্দগুলি প্রক্রিয়া করা বা আপনার পরিচিতি থেকে প্রাপকের পরামর্শ দেওয়ার মাধ্যমে বিষয়বস্তু শেয়ার করতে আপনাকে সাহায্য করা।

## আমাদের পরিষেবাগুলি রক্ষণাবেক্ষণ এবং উন্নত করা

আমাদের পরিষেবাগুলি সঠিক উদ্দেশ্যে কাজ করছে কিনা নিশ্চিত করতেও আমরা আপনার তথ্য ব্যবহার করি, যেমন কোনও বিভ্রাট বা আপনার জানানো কোনও সমস্যার সমাধান ট্র্যাক করা। এবং আমাদের পরিষেবাগুলি আরও উন্নত করতে আমরা আপনার তথ্য ব্যবহার করি - যেমন, খোঁজার কোন শব্দগুলিতে সচরাচর বেশি বানান ভুল হয় সেগুলি বুঝতে পারলে আমাদের সব পরিষেবা জুড়ে ব্যবহার করা বানান ঠিক করার বৈশিষ্ট্য আরও উন্নত করতে পারব।

## নতুন পরিষেবা বিকাশ করা

আগে থেকে থাকা পরিষেবা দিয়ে সংগ্রহ করা তথ্যকে আমরা নতুন পরিষেবার বিকাশে সাহায্য করার জন্য ব্যবহার করি। যেমন, Google-এর প্রথম ফটো অ্যাপ Picasa-তে ব্যবহারকারীরা কীভাবে তাদের ফটো সাজিয়ে রাখেন তা বোঝার ফলে, আমাদের Google ফটো ডিজাইন এবং চালু করতে সাহায্য করেছে।

## নিজের মতো সাজানো পরিষেবা প্রদান করা, বিষয়বস্তু এবং বিজ্ঞাপন সহ

আমাদের সংগ্রহ করা তথ্য ব্যবহার করে আমরা আপনার জন্য পরিষেবা কাস্টমাইজ করি। আপনাকে সাজেশন দেওয়া, পছন্দমতো কন্টেন্ট দেখানো ও কাস্টমাইজ করা সার্চ ফলাফল দেখানো এর মধ্যে পড়ে। যেমন, নিরাপত্তা যাচাই থেকে আপনি Google প্রোডাক্ট কীভাবে ব্যবহার করবেন সেই বিষয়ে পরামর্শ পাবেন। উপলভ্য সেটিংসের উপর নির্ভর করে আপনার ইনস্টল করা অ্যাপ ও YouTube-এ আপনি কোন ভিডিওগুলি দেখছেন সেই তথ্য ব্যবহার করে Google Play আপনার পছন্দ হতে পারে এমন নতুন অ্যাপের সাজেশন দিতে পারে।

এছাড়াও, উপলভ্য সেটিংসের উপর নির্ভর করে Google-এর বিভিন্ন পরিষেবা জুড়ে আপনার আগ্রহ ও অ্যাক্টিভিটির ভিত্তিতে আমরা আপনাকে পছন্দমতো বিজ্ঞাপন দেখাতে পারি। যেমন, আপনি "মাউন্টেন বাইক" সার্চ করলে YouTube-এ আপনাকে খেলার সরঞ্জামের বিজ্ঞাপন দেখানো হতে পারে। আমার বিজ্ঞাপন কেন্দ্রে থাকা বিজ্ঞাপনের সেটিংসে গিয়ে আপনাকে বিজ্ঞাপন দেখানোর জন্য আমরা কোন তথ্য ব্যবহার করব তা নিয়ন্ত্রণ করতে পারবেন।

- আমরা জাতি, ধর্ম, যৌন অভিমুখ বা স্বাস্থ্যের মতো সংবেদনশীল বিষয়গুলির উপর ভিত্তি করে নিজের মতো করে সাজানো বিজ্ঞাপন দেখাই না।
- ব্যক্তিগতকৃত বিজ্ঞাপন দেখানোর ক্ষেত্রে আপনার Drive, Gmail অথবা Photos-এর কন্টেন্ট আমরা বিবেচনা করি না।
- আপনাকে ব্যক্তিগতভাবে শনাক্ত করা যায় এমন তথ্য, যেমন আপনার নাম বা ইমেল, আপনি বিজ্ঞাপনদাতাদের সাথে শেয়ার করি না, যদি না আপনি আমাদেরকে বলেন। যেমন, যদি আপনি আশেপাশের ফুলের দোকানের বিজ্ঞাপন দেখতে পান এবং "ট্যাপ-টু-কল" বোতামটি বেছে নেন তাহলে আমরা আপনার কলটি সংযোগ করব এবং আপনার ফোন নম্বর ফুলের দোকানের সাথে শেয়ার করতে পারি।

'আমার বিজ্ঞাপন কেন্দ্র' দেখুন

## কর্মক্ষমতা পরিমাপ করা

আমাদের পরিষেবা কীভাবে ব্যবহার করা হয় তা বুঝতে আমরা ডেটা বিশ্লেষণ এবং পরিমাপ করে থাকি। যেমন, আমরা প্রোডাক্ট ডিজাইনের মতো জিনিস অপ্টিমাইজ করার জন্য আমাদের সাইটে আপনার ঘুরে দেখা সম্পর্কিত ডেটা বিশ্লেষণ করি। পাশাপাশি আমরা বিজ্ঞাপনদাতাদের বিজ্ঞাপন ক্যাম্পেনের কর্মক্ষমতা বুঝতে সাহায্য করার জন্য আপনি যে বিজ্ঞাপনের সাথে ইন্টারঅ্যাক্ট করেন সেগুলি সম্পর্কিত তথ্যও ব্যবহার করি। এটি করতে আমরা Google Analytics সহ বিভিন্ন টুল ব্যবহার করি। যখন আপনি এমন সাইটে যান অথবা এমন অ্যাপ ব্যবহার করেন যেগুলি Google Analytics ব্যবহার করে তখন Google Analytics গ্রাহক হয়ত Google-কে আমাদের বিজ্ঞাপন পরিষেবা ব্যবহার করে এমন অন্যান্য সাইটের অথবা অ্যাপের অ্যাক্টিভিটির সাথে সেই সাইটে অথবা অ্যাপে আপনার অ্যাক্টিভিটি সম্পর্কে তথ্য লিঙ্ক করতে পারে।

## আপনার সাথে যোগাযোগ করা

আমাদের সংগ্রহ করা তথ্য, যেমন ইমেল আইডি, আমরা আপনার সাথে সরাসরি যোগাযোগ করার জন্য ব্যবহার করি। উদাহরণ স্বরূপ, যদি আমরা কোনও সন্দেহজনক অ্যাক্টিভিটি, যেমন একটি অস্বাভাবিক অবস্থান থেকে আপনার Google অ্যাকাউন্টে সাইন-ইন করার চেষ্টা, শনাক্ত করি তাহলে আমরা আপনাকে একটি বিজ্ঞপ্তি পাঠাতে পারি। অথবা আমাদের পরিষেবার আসন্ন পরিবর্তন বা উন্নতি সম্পর্কে আমরা আপনাকে জানাতে পারি। এবং যদি আপনি Google-এর সাথে যোগাযোগ করেন তাহলে আপনার যেকোনও সমস্যা সমাধান করাতে সাহায্য করার জন্য আমরা আপনার অনুরোধের একটি রেকর্ড রাখব।

## Google, আমাদের ব্যবহারকারী এবং জনগণের সুরক্ষা করা

আমাদের পরিষেবার নিরাপত্তা এবং নির্ভরযোগ্যতা উন্নত করতে সাহায্য করার জন্য আমরা তথ্য ব্যবহার করি। এর মধ্যে রয়েছে Google-এ, আমাদের ব্যবহারকারীদের বা লোকজনের ক্ষতি করতে পারে এমন প্রতারণা, অপব্যবহার, নিরাপত্তা ঝুঁকি এবং প্রযুক্তিগত সমস্যা শনাক্ত করা, প্রতিরোধ এবং সমাধান করার সুবিধা।

---

আপনার তথ্য এই উদ্দেশ্যে প্রক্রিয়া করতে আমরা বিভিন্ন প্রযুক্তি ব্যবহার করি। আমরা অটোমেটেড সিস্টেম ব্যবহার করি যা আপনার বিষয়বস্তু বিশ্লেষণ করে আপনাকে কাস্টমাইজ করা সার্চ ফলাফল, নিজের মতো সাজিয়ে নেওয়া বিজ্ঞাপন বা আপনি আমাদের পরিষেবাগুলি কীভাবে ব্যবহার করেন তার সাথে সংগতিপূর্ণ অন্যান্য বৈশিষ্ট্য প্রদান করে। এবং অপব্যবহার যেমন, স্প্যাম, ম্যালওয়্যার এবং অবৈধ বিষয়বস্তু ইত্যাদি শনাক্ত করায় আমাদের সাহায্য করতে আমরা আপনার বিষয়বস্তু বিশ্লেষণ করি। এছাড়া, ডেটার প্যাটার্ন শনাক্ত করতে আমরা অ্যালগরিদম ব্যবহার করি। উদাহরণ স্বরূপ, আপনি Google অনুবাদকে যা কিছু অনুবাদ করতে বলেন, তা থেকে সচরাচর ব্যবহার করা বাক্যখণ্ড শনাক্ত করে তা মানুষকে এক ভাষা থেকে অন্য ভাষায় কথোপকথন করতে সাহায্য করে।

উপরের বর্ণনানুযায়ী উদ্দেশ্য পূরণের জন্য আমাদের সব পরিষেবা ও আমরা ব্যবহার করা সব ডিভাইস থেকে সংগ্রহ করা তথ্য আমরা ব্যবহার করতে পারি। যেমন উপলভ্য সেটিংসের উপর নির্ভর করে, আপনি YouTube-এ গিটারবাদকদের সম্পর্কে ভিডিও দেখলে আমাদের বিজ্ঞাপন প্রোডাক্ট ব্যবহার করে এমন সাইটে গিটার বাজাতে শেখার ব্যাপারে বিজ্ঞাপন দেখতে পারেন। আপনার অ্যাকাউন্ট সেটিংসের উপর নির্ভর করে অন্য সাইট ও অ্যাপে আপনার অ্যাক্টিভিটি আপনার ব্যক্তিগত তথ্যের সাথে যোগ করা হতে পারে, যাতে Google-এর পরিষেবা ও বিজ্ঞাপন পরিবেশন আরও উন্নত করা যায়।

যদি অন্য ব্যবহারকারীদের কাছে আগে থেকেই আপনার ইমেল অথবা আপনাকে চিহ্নিত করা যায় এমন অন্যান্য তথ্য রয়েছে, তাহলে আমরা তাদেরকে আপনার Google অ্যাকাউন্টের সর্বজনীন তথ্য দেখাতে পারি, যেমন আপনার নাম এবং ফটো। উদাহরণস্বরূপ, এটি অন্যদেরকে আপনার কাছ থেকে আসা একটি ইমেল চিনে নিতে সাহায্য করে।

এই গোপনীয়তা নীতিতে অন্তর্ভুক্ত নয় এমন একটি উদ্দেশ্যে আপনার তথ্য ব্যবহার করার আগে আমরা আপনার সম্মতি চাইব।

# আমাদের সংগ্রহ করা তথ্য এবং সেগুলির ব্যবহার সম্পর্কে আপনার কাছে বিকল্প রয়েছে

এই বিভাগে আমাদের সব পরিষেবা জুড়ে আপনার গোপনীয়তা পরিচালনার জন্য মুখ্য নিয়ন্ত্রণগুলির বিষয়ে বর্ণনা করা হয়। এছাড়া আপনি গোপনীয়তা পরীক্ষা পরিদর্শন করতে পারেন, যেখানে আপনি গুরুত্বপূর্ণ গোপনীয়তা সেটিংস পর্যালোচনা এবং অ্যাডজাস্ট করার সুযোগ পাবেন। এই সরঞ্জামগুলি ছাড়াও, আমাদের প্রোডাক্টের মধ্যেও আমরা নির্দিষ্ট গোপনীয়তা সেটিংস প্রদান করি - আপনি আমাদের প্রোডাক্ট সম্পর্কিত গোপনীয়তা নির্দেশিকা থেকে আরও জানতে পারবেন।

গোপনীয়তা পরীক্ষাতে যান

## আপনার তথ্য পরিচালনা, পর্যালোচনা এবং আপডেট করা

আপনি যখন সাইন-ইন করে থাকেন তখন আপনি যে পরিষেবাগুলি ব্যবহার করেন সেগুলি পরিদর্শন করার মাধ্যমে যেকোনও সময়ে তথ্য পর্যালোচনা ও আপডেট করতে পারেন। যেমন, ফটো এবং ড্রাইভ উভয়ই আপনাকে Google-এ সংরক্ষণ করা বিশেষ ধরনের বিষয়বস্তু পরিচালনা করতে সাহায্য করার জন্য ডিজাইন করা হয়েছে।

এছাড়া আমরা আপনার Google অ্যাকাউন্টে সংরক্ষণ করা তথ্যের পর্যালোচনা এবং নিয়ন্ত্রণের জন্য একটি জায়গা তৈরি করেছি। আপনার Google অ্যাকাউন্টে অন্তর্ভুক্ত আছে:

### গোপনীয়তার নিয়ন্ত্রণগুলি

**অ্যাক্টিভিটি নিয়ন্ত্রণগুলি**

আপনার অ্যাকাউন্টে আপনি কী ধরনের অ্যাক্টিভিটি সেভ করতে চান তা নির্ধারণ করুন। যেমন, আপনি YouTube ইতিহাস চালু করে রাখলে, যেসব ভিডিও আপনি দেখেন এবং যেসব জিনিস সার্চ করেন তা আপনার অ্যাকাউন্টে সেভ করা থাকে যাতে আরও ভাল সাজেশন পেতে এবং কোথায় ছেড়েছেন তা মনে করতে পারেন। এবং ওয়েব ও অ্যাপ অ্যাক্টিভিটি চালু করে রাখলে, Google-এর অন্যান্য পরিষেবায় আপনার করা সার্চ ও অ্যাক্টিভিটি অ্যাকাউন্টে সেভ করা থাকে যাতে আরও দ্রুত সার্চ ও সহায়ক অ্যাপ এবং কন্টেন্ট সম্পর্কে সাজেশনের মত আরও পছন্দমতো অভিজ্ঞতা পেতে পারেন। ওয়েব ও অ্যাপ অ্যাক্টিভিটির একটি সাবসেটিং আছে যা অন্যান্য সাইট, অ্যাপ ও ডিভাইস যা Google পরিষেবা ব্যবহার করে সেখানে আপনার করা অ্যাক্টিভিটি সম্পর্কিত তথ্য যেমন আপনার ইনস্টল করা ও Android-এ ব্যবহার করা অ্যাপ, Google অ্যাকাউন্টে সেভ করা ও Google পরিষেবা উন্নত করতে ব্যবহার করা হবে কিনা তা কন্ট্রোল করার অনুমতি দেয়।

অ্যাক্টিভিটি নিয়ন্ত্রণগুলিতে যান

---

### বিজ্ঞাপনের সেটিংস

Google-এ এবং বিজ্ঞাপন দেখানোর জন্য Google-এর পার্টনার হয়ে থাকা সাইটে এবং অ্যাপে আপনাকে দেখানো বিজ্ঞাপন সম্পর্কে আপনার অভিরুচি পরিচালনা করুন। আপনি নিজের অভিরুচি পরিবর্তন করতে পারেন, আপনার ব্যক্তিগত তথ্য আপনার জন্য আরও প্রাসঙ্গিক বিজ্ঞাপন তৈরি করতে ব্যবহার করা হবে কিনা বেছে নিতে পারেন এবং নির্দিষ্ট বিজ্ঞাপন পরিষেবা চালু বা বন্ধ করতে পারেন।

'আমার বিজ্ঞাপন কেন্দ্র' দেখুন

---

### আপনার সম্পর্কে

আপনার Google অ্যাকাউন্টে ব্যক্তিগত তথ্য ম্যানেজ এবং Google পরিষেবা জুড়ে কারা এটি দেখতে পারবেন তা কন্ট্রোল করুন।

"আপনার সম্পর্কে" বিকল্পে যান

---

### শেয়ার করা প্রস্তাব

আপনার নাম এবং ফটো আপনার অ্যাক্টিভিটির পাশে দেখানো হবে কিনা তা বেছে নিন, যেমন বিজ্ঞাপনে দেখানো পর্যালোচনা এবং পরামর্শ।

শেয়ার করা প্রস্তাবে যান

---

### যেসব সাইট ও অ্যাপ Google পরিষেবা ব্যবহার করে

সেই তথ্য ম্যানেজ করুন যা Google Analytics-এর মতো Google পরিষেবা ব্যবহারকারী ওয়েবসাইট ও অ্যাপ, আপনি Google দেখা বা এর পরিষেবার সাথে ইন্টার‍্যাক্ট করার সময় তার সাথে শেয়ার করতে পারে।

আমাদের পরিষেবা ব্যবহার করে এমন সাইট বা অ্যাপ থেকে **Google** কীভাবে তথ্য ব্যবহার করে-এ যান

## আপনার তথ্য পর্যালোচনা ও আপডেট করার উপায়

### আমার অ্যাক্টিভিটি

"আমার অ্যাক্টিভিটি" দিয়ে আপনি খোঁজা বা Google Play পরিদর্শন করা ইত্যাদির মতো Google পরিষেবা সাইন ইন থাকা অবস্থায় ব্যবহার করার সময় আপনার Google অ্যাকাউন্টে সেভ হওয়া ডেটা পর্যালোচনা এবং নিয়ন্ত্রণ করতে পারবেন। আপনি তারিখ এবং বিষয় অনুযায়ী ব্রাউজ করতে পারেন এবং আপনার অ্যাক্টিভিটি আংশিকভাবে অথবা সম্পূর্ণভাবে মুছে ফেলতে পারেন।

"আমার অ্যাক্টিভিটি"তে যান

### Google ড্যাশবোর্ড

Google ড্যাশবোর্ড দিয়ে আপনি কোনও নির্দিষ্ট প্রোডাক্টের সাথে সম্পর্কিত তথ্য পরিচালনা করতে পারবেন।

ড্যাশবোর্ডে যান

### আপনার ব্যক্তিগত তথ্য

আপনার যোগাযোগের তথ্য পরিচালনা করুন; যেমন আপনার নাম, ইমেল এবং ফোন নম্বর।

ব্যক্তিগত তথ্যে যান

আপনি সাইন-আউট করা থাকলে, আপনার ব্রাউজার বা ডিভাইসের সাথে সংশ্লিষ্ট তথ্য আপনি পরিচালনা করতে পারেন, এতে অন্তর্ভুক্ত:

- সাইন-আউট সার্চ নিজের মতো সাজানো: আপনাকে আরও প্রাসঙ্গিক ফলাফল এবং পরামর্শ দেখানোর জন্য আপনার সার্চ অ্যাক্টিভিটি ব্যবহার করা হয় কিনা তা বেছে নিন।

- YouTube সেটিংস: YouTube-এর খোঁজার ইতিহাস এবং আপনার YouTube-এর দেখার ইতিহাস পজ করে সেগুলি মুছে ফেলুন।
- বিজ্ঞাপনের সেটিংস: Google-এ এবং বিজ্ঞাপন দেখানোর জন্য Google-এর অংশীদার হয়ে থাকা সাইটে এবং অ্যাপে আপনাকে দেখানো বিজ্ঞাপন সম্পর্কে আপনার অভিরুচি পরিচালনা করুন।

## আপনার তথ্য রপ্তানি করা, সরিয়ে দেওয়া ও মুছে ফেলা

যদি আপনার Google অ্যাকাউন্টে থাকা বিষয়বস্তুর ব্যাক-আপ নিতে চান বা Google-এর বাইরে কোনও পরিষেবায় ব্যবহার করতে চান তাহলে আপনি তার একটি কপি রপ্তানি করতে পারেন।

আপনার ডেটা রপ্তানি করুন

আপনার তথ্য মুছে ফেলার জন্য, আপনি:

- নির্দিষ্ট Google পরিষেবা থেকে আপনার বিষয়বস্তু মুছে ফেলুন।
- আমার অ্যাক্টিভিটি ব্যবহার করে আপনার অ্যাকাউন্টে কোনও নির্দিষ্ট ডেটা খুঁজুন ও সেগুলি মুছে ফেলুন।
- নির্দিষ্ট Google প্রোডাক্ট মুছে ফেলুন, এই প্রোডাক্টগুলির সাথে জড়িত আপনার তথ্য সহ
- আপনার সম্পূর্ণ Google অ্যাকাউন্ট মুছে ফেলুন

আপনার তথ্য মুছুন

অপ্রত্যাশিতভাবে আপনার অ্যাকাউন্ট ব্যবহার করতে না পারলে, অ্যাক্টিভ না থাকা অ্যাকাউন্ট ম্যানেজার ফিচার ব্যবহার করে অন্য কাউকে আংশিকভাবে আপনার Google অ্যাকাউন্টে লগ-ইন করার অনুমতি দিতে পারবেন।

এবং শেষে, আপনি প্রযোজ্য আইন ও নীতি অনুযায়ী কোনও নির্দিষ্ট Google পরিষেবা থেকে কন্টেন্ট সরিয়ে দেওয়ার অনুরোধ জানাতেও পারবেন।

আপনি Google অ্যাকাউন্টে সাইন-ইন করে আছেন কিনা তা নির্বিশেষে Google সংগ্রহ করে এমন তথ্য নিয়ন্ত্রণের অন্যান্য উপায় রয়েছে, এতে রয়েছে:

- ব্রাউজারের সেটিংস: উদাহরণ স্বরূপ, Google আপনার ব্রাউজারে কখন একটি কুকি সেট করেছে তা আপনাকে জানিয়ে দিতে আপনার ব্রাউজার কনফিগার করতে পারেন। আপনি কোনও নির্দিষ্ট ডোমেন বা সব ডোমেন থেকে সব কুকি ব্লক করতে আপনার ব্রাউজার কনফিগার করতে পারেন। তবে মনে রাখবেন যে আমাদের পরিষেবাগুলি সঠিকভাবে কাজ করার জন্য কুকির উপর নির্ভর করে; যেমন, আপনার ভাষা সম্পর্কিত অভিরুচি মনে রাখা।
- ডিভাইস-স্তরের সেটিংস: আপনার ডিভাইসে এমন কোনও নিয়ন্ত্রণ থাকতে পারে যা নির্ধারণ করে যে আমরা কোন তথ্য সংগ্রহ করি। যেমন, আপনার Android ডিভাইসে আপনি অবস্থান সেটিংস পরিবর্তন করতে পারেন।

---

আপনার তথ্য শেয়ার করা

## আপনি যখন আপনার তথ্য শেয়ার করেন

আমাদের অনেক পরিষেবা আপনাকে অন্যদের সাথে তথ্য শেয়ার করতে দেয় এবং আপনি কীভাবে শেয়ার করবেন তা আপনি নিয়ন্ত্রণ করতে পারবেন। যেমন, আপনি YouTube-এ আপনার ভিডিও সর্বজনীনভাবে শেয়ার করতে পারেন বা সেগুলিকে ব্যক্তিগত রাখার সিদ্ধান্ত নিতে পারেন। মনে রাখবেন, যখন আপনি সর্বজনীনভাবে তথ্য শেয়ার করেন, তখন আপনার বিষয়বস্তু Google সার্চ সহ অন্যান্য সার্চ ইঞ্জিনের মাধ্যমে অ্যাক্সেস করা যেতে পারে।

আপনি সাইন-ইন করে যখন কিছু Google পরিষেবার সাথে ইন্টার‍্যাক্ট করেন, যেমন কোনও YouTube ভিডিওতে মন্তব্য করা বা Play-তে কোনও অ্যাপ পর্যালোচনা করা, তখন আপনার অ্যাক্টিভিটির পাশে আপনার নাম ও ফটো দেখানো হয়। এছাড়াও আমরা আপনার শেয়ার করা অনুমোদন সেটিং-এর ভিত্তিতে বিজ্ঞাপনে এই তথ্য দেখাতে পারি।

## যখন Google আপনার তথ্য শেয়ার করে

নিম্নোক্ত পরিস্থিতি ছাড়া আমরা কোনও কোম্পানি, সংস্থা অথবা Google এর বাইরে কোনও ব্যক্তির সাথে আপনার ব্যক্তিগত তথ্য শেয়ার করি না:

## আপনার সম্মতির সঙ্গে

আপনি সম্মতি দিলে তবেই আমরা Google-এর বাইরে আপনার ব্যক্তিগত তথ্য শেয়ার করব। যেমন, আপনি বুকিং পরিষেবার মাধ্যমে Google Home ব্যবহার করে রিজার্ভেশন করলে, আপনার নাম বা ফোন নম্বর রেস্তোরাঁর সাথে শেয়ার করার আগে আমরা আপনার অনুমতি নেব। এছাড়াও আমরা আপনাকে সেইসব থার্ড-পার্টি অ্যাপ ও সাইট পর্যালোচনা এবং ম্যানেজ করার অনুমতিও দিই, যাদের আপনি আপনার Google অ্যাকাউন্টের ডেটায় অ্যাক্সেস দিয়েছেন। কোনও সংবেদনশীল ব্যক্তিগত তথ্য শেয়ার করার জন্য আমরা স্পষ্টভাবে আপনার সম্মতি চাইব।

## ডোমেন এডমিনিস্ট্রেটর দ্বারা

Google পরিষেবা ব্যবহার করে এমন সংস্থার সাথে যদি আপনি কাজ করেন বা সেখানকার স্টুডেন্ট হন, সেখানে ডোমেন অ্যাডমিনিস্ট্রেটর এবং রিসেলার যারা আপনার অ্যাকাউন্ট ম্যানেজ করেন তারা আপনার Google অ্যাকাউন্ট অ্যাক্সেস করতে পারবেন। তারা হয়তো এইগুলি করতে পারবে:

- আপনার অ্যাকাউন্টে স্টোর করা তথ্য অ্যাক্সেস করা এবং রেখে দেওয়া, যেমন আপনার ইমেল
- আপনার অ্যাকাউন্ট সম্পর্কিত পরিসংখ্যান দেখা; যেমন, আপনি কতগুলি অ্যাপ ইনস্টল করেন
- আপনার অ্যাকাউন্টের পাসওয়ার্ড পরিবর্তন করা
- আপনার অ্যাকাউন্ট অ্যাক্সেস নিলম্বিত করা বা বন্ধ করা
- প্রযোজ্য আইন, নিয়ম, আইনি প্রক্রিয়া বা প্রয়োগযোগ্য সরকারি অনুরোধ পূরণ করার জন্য আপনার অ্যাকাউন্টের তথ্য পাওয়া
- আপনার তথ্য বা গোপনীয়তা সেটিংস মোছা বা এডিট করা সম্পর্কে আপনার ক্ষমতা সীমিত করা

## বহিরাগত প্রক্রমনের জন্য

আমরা আমাদের অ্যাফিলিয়েট, অন্যান্য বিশ্বস্ত ব্যবসা বা ব্যক্তিদের, আমাদের নির্দেশাবলীর উপর ভিত্তি করে এবং আমাদের গোপনীয়তা নীতি এবং অন্য কোনও উপযুক্ত গোপনীয়তা এবং নিরাপত্তা ব্যবস্থা মেনে, আমাদের জন্য প্রক্রিয়া করতে ব্যক্তিগত তথ্য প্রদান করি। যেমন, আমরা

ডেটা সেন্টার অপারেট করার জন্য সাহায্য করতে, আমাদের প্রোডাক্ট ও পরিষেবা প্রদান করতে, ইন্টার্নাল ব্যবসা সম্পর্কিত প্রসেস উন্নত করতে এবং গ্রাহক ও ব্যবহারকারীদের অতিরিক্ত সহায়তা অফার করতে পরিষেবা প্রদানকারী ব্যবহার করি। এছাড়াও আমরা পরিষেবা প্রদানকারী ব্যবহার করি যাতে সর্বজনীন নিরাপত্তার জন্য YouTube ভিডিওর কন্টেন্ট পর্যালোচনা ও বিশ্লেষণে সহায়তা করতে পারি। এছাড়াও Google-এর অডিও শনাক্তকরণ প্রযুক্তি উন্নত করার জন্য সাহায্য করতে ব্যবহারকারীর সেভ করা অডিও নমুনা শুনতে পারি।

## আইনের উদ্দেশ্যে

আমাদের যদি বিশ্বাস করার যথেষ্ট কারণ থাকে যে নিম্নলিখিত উদ্দেশ্যে তথ্য প্রকাশ করা যুক্তিসঙ্গতভাবে প্রয়োজনীয়, তাহলে আমরা Google-এর বাইরে ব্যক্তিগত তথ্য শেয়ার করব:

- কোনও প্রযোজ্য আইন, রেগুলেশন, আইনি প্রক্রিয়া বা বলবৎযোগ্য সরকারি অনুরোধ মেনে চলতে আমরা সরকারের কাছ থেকে পেয়ে থাকা অনুরোধের সংখ্যা ও ধরনের বিষয়ে আমাদের ট্রান্সপারেন্সি রিপোর্টের মাধ্যমে তথ্য শেয়ার করি।
- সম্ভাব্য লঙ্ঘনের তদন্ত সহ পরিষেবার শর্তাবলী প্রয়োগ করা।
- জালিয়াতি, নিরাপত্তা বা প্রযুক্তিগত সমস্যা শনাক্ত, প্রতিরোধ অথবা অন্যথায় মোকাবিলা করার জন্য।
- Google, আমাদের ব্যবহারকারী বা জনসাধারণের অধিকার বা সম্পত্তির ক্ষতি অথবা নিরাপত্তা লঙ্ঘন থেকে সুরক্ষিত রাখা।

আমরা ব্যক্তিগতভাবে শনাক্তযোগ্য নয় এমন তথ্য সর্বজনীন ভাবে এবং আমাদের অংশীদার - যেমন প্রকাশক, বিজ্ঞাপনদাতা, ডেভেলপার অথবা স্বত্তাধিকারীদের সাথে শেয়ার করতে পারি। যেমন, আমাদের পরিষেবাগুলির সাধারণ ব্যবহারের প্রবণতা দেখাতে আমরা সর্বজনীনভাবে তথ্য শেয়ার করি। এছাড়া আমরা নির্দিষ্ট পার্টনারদের তাদের নিজস্ব কুকি বা সেই ধরনের প্রযুক্তি ব্যবহার করে বিজ্ঞাপন এবং পরিমাপের উদ্দেশ্যে আপনার ব্রাউজার বা ডিভাইস থেকে তথ্য সংগ্রহের অনুমতি দিই।

Google একীভূতকরণ, অধিগ্রহণ অথবা সম্পত্তি বিক্রির সঙ্গে যুক্ত হলে, আমরা কোনও ব্যক্তিগত তথ্যের গোপনীয়তা নিশ্চিত করা এবং ব্যক্তিগত তথ্য স্থানান্তর অথবা কোনও ভিন্ন গোপনীয়তা নীতির অধীনস্থ হওয়ার আগে ক্ষতিগ্রস্ত ব্যবহারকারীদের বিজ্ঞপ্তি দেওয়া চালিয়ে যাব।

# আপনার তথ্যের সুরক্ষার জন্য আমাদের পরিষেবার সাথে আমরা নিরাপত্তা তৈরী করি

সব Google প্রোডাক্টের সাথে সুদৃঢ় নিরাপত্তা বৈশিষ্ট্য থাকে যা নিয়মিতভাবে আপনার তথ্যের সুরক্ষা করে। আমাদের পরিষেবা রক্ষণাবেক্ষণ করা থেকে আমরা যে অন্তর্দৃষ্টি লাভ করি তা আমাদেরকে সবসময় কোনও সুরক্ষা সম্পর্কিত ঝুঁকি আপনার কাছে পৌঁছানোর আগেই সেটি শনাক্ত করে নিজে থেকে ব্লক করতে সাহায্য করে। এবং যদি আমরা ঝুঁকিপূর্ণ কিছু শনাক্ত করি এবং আমাদের মনে হয় যে সেটির সম্পর্কে আপনার জানা উচিত তাহলে আমরা আপনাকে জানিয়ে দেব এবং আপনাকে আরও বেশি সুরক্ষিত থাকার ব্যবস্থা প্রয়োগ করতে সাহায্য করব।

আমাদের কাছে থাকা তথ্য অনাধিকার অ্যাক্সেস, পরিবর্তন, প্রকাশ থেকে অথবা নষ্ট হওয়া থেকে Google এবং আমাদের ব্যবহারকারীদেরকে সুরক্ষা দিতে আমরা কঠিন পরিশ্রম করি, যার মধ্যে রয়েছে:

- গমনাগমন চলাকালীন আপনার ডেটা গোপন রাখতে আমরা এনক্রিপশন ব্যবহার করি
- আপনার অ্যাকাউন্টের সুরক্ষায় আপনাকে সাহায্য করতে আমরা নিরাপদ ব্রাউজিং, নিরাপত্তা পরীক্ষা এবং ২ ধাপে ধাপে যাচাইকরণ ইত্যাদির মতো নিরাপত্তা বৈশিষ্ট্য অফার করি।
- আমাদের সিস্টেমগুলিতে অনাধিকার অ্যাক্সেসের বিরুদ্ধে প্রতিরোধ করতে আমরা বাস্তবিক নিরাপত্তা ব্যবস্থা সহ আমাদের তথ্য সংগ্রহ, রেখে দেওয়া এবং প্রক্রিয়াকরণের পদ্ধতিগুলি পর্যালোচনা করি।
- ব্যক্তিগত তথ্য প্রক্রিয়া করার জন্য যে Google-এর কর্মী, ঠিকাদার এবং এজেন্টদের সেই তথ্য অ্যাক্সেস করা প্রয়োজন, আমরা তাদের মধ্যেই তথ্যের অ্যাক্সেস সীমিত রাখি। যার কাছে এই অ্যাক্সেস রয়েছে তাকে কঠোর গোপনীয়তা চুক্তি মেনে চলতে হয় এবং এই দায়িত্বগুলি পূরণ করতে ব্যর্থ হলে তাকে নিয়মানুবর্তী করা হতে পারে অথবা এমনকি বরখাস্ত করা হতে পারে।

আপনার তথ্য রপ্তানি করা ও মুছে ফেলা

# আপনি যেকোনও সময়ে আপনার Google অ্যাকাউন্ট সেটিংস থেকে আপনার তথ্যের একটি কপি রপ্তানি করতে বা সেটি মুছে ফেলতে পারেন

যদি আপনার Google অ্যাকাউন্টে থাকা বিষয়বস্তুর ব্যাক-আপ নিতে চান বা Google-এর বাইরে কোনও পরিষেবায় ব্যবহার করতে চান তাহলে আপনি তার একটি কপি রপ্তানি করতে পারেন।



আপনার ডেটা রপ্তানি করুন

আপনার তথ্য মুছে ফেলার জন্য, আপনি:

- নির্দিষ্ট Google পরিষেবা থেকে আপনার বিষয়বস্তু মুছে ফেলুন।
- আমার অ্যাক্টিভিটি ব্যবহার করে আপনার অ্যাকাউন্টে কোনও নির্দিষ্ট ডেটা খুঁজুন ও সেগুলি মুছে ফেলুন।
- নির্দিষ্ট Google প্রোডাক্ট মুছে ফেলুন, এই প্রোডাক্টগুলির সাথে জড়িত আপনার তথ্য সহ
- আপনার সম্পূর্ণ Google অ্যাকাউন্ট মুছে ফেলুন



আপনার তথ্য মুছুন

আপনার তথ্যের রেকর্ড রাখা

আমরা বিভিন্ন সময়ে যে ডেটা সংগ্রহ করি তা কীরকম, আমরা কীভাবে ব্যবহার করি এবং আপনি কীভাবে আপনার সেটিংস কনফিগার করেন তার উপর নির্ভর করে আমরা তার রেকর্ড রাখি:

- কিছু ডেটা আপনার ইচ্ছা অনুযায়ী মুছে ফেলতে পারবেন, যেমন ধরুন আপনার ব্যক্তিগত তথ্য অথবা আপনার তৈরি করা বা আপলোড করা কন্টেন্ট, যেমন ফটো ও ডকুমেন্ট। এছাড়া আপনার অ্যাকাউন্টে সেভ করা অ্যাক্টিভিটি সংক্রান্ত তথ্য মুছে দিতে পারেন অথবা নির্দিষ্ট সময়ের পর এই তথ্য অটোমেটিক মুছে দেওয়ার বিকল্প বেছে নিতে পারেন। আপনি নিজে থেকে সরিয়ে না দিলে অথবা সরিয়ে দেওয়ার বিকল্প বেছে না নিয়ে থাকলে, আমরা এই ডেটা আপনার Google অ্যাকাউন্টে সেভ করে রাখব।
- সার্ভার লগে বিজ্ঞাপন সংক্রান্ত ডেটা-এর মত অন্যান্য ডেটা নির্দিষ্ট সময়ের পর মুছে ফেলা হয় অথবা স্বয়ংক্রিয়ভাবে শনাক্তকারী তথ্য গোপন রাখা হয়।
- আপনি আপনার Google অ্যাকাউন্ট না মোছা পর্যন্ত আমরা কিছু ডেটা রাখি যেমন আপনি আমাদের পরিষেবাগুলি কতবার ব্যবহার করেন সে সম্পর্কিত তথ্য।
- এবং সুরক্ষা, প্রতারণা এবং অপব্যবহার প্রতিরোধ বা আর্থিক রেকর্ড-রাখা ইত্যাদির মতো বৈধ ব্যবসায়িক বা আইনি উদ্দেশ্যে প্রয়োজনীয় হলে আমরা কিছু ডেটা আরও বেশি সময়ের জন্য রেখে দিই।

যখন আপনি ডেটা মুছে দেন, আপনার ডেটা নিরাপদে এবং সম্পূর্ণভাবে আমাদের সার্ভার থেকে সরিয়ে দেওয়া বা গোপনে রেখে দেওয়া নিশ্চিত করতে আমরা একটি ডেটা মোছার প্রসেস অনুসরণ করি। আমরা নিশ্চিত করতে চেষ্টা করি যে আপনার তথ্য কে দুর্ঘটনাবশত মোছা অথবা ক্ষতিসাধনের ইচ্ছায় মোছা থেকে আমাদের পরিষেবাগুলি রক্ষা করে। এই কারণে, আপনি কিছু তথ্য মুছে ফেলার সময় এবং আমাদের অ্যাক্টিভ ও ব্যাক-আপ সিস্টেম থেকে সেগুলির কপি মুছে ফেলার সময়-এর মধ্যে বিলম্ব হতে পারে।

আপনি আপনার তথ্য মুছে ফেলতে আমাদের কত সময় লাগবে সেটি সহ Google-এর ডেটা রেখে দেওয়ার সময়সীমা সম্পর্কে আরও পড়তে পারেন।

---

## প্রবিধান মেনে চলা ও সেগুলির সাথে সহযোগিতা করা

আমরা নিয়মিতভাবে এই গোপনীয়তা নীতিটি পর্যালোচনা করি এবং নিশ্চিত করে থাকি যে সেই নীতি মেনে চলে এমন পদ্ধতিতে আমরা আপনার তথ্য প্রক্রিয়া করি।

# ডেটা স্থানান্তরণ

আমাদের সারা পৃথিবীর বিভিন্ন দেশে সার্ভার আছে এবং আপনি যে দেশে থাকেন সেই দেশের বাইরে থাকা কোনও সার্ভারে আমরা আপনার ব্যক্তিগত তথ্য প্রসেস করতে পারি। বিভিন্ন দেশের ডেটা সুরক্ষা আইন আলাদা-আলাদা হয়, কেউ অন্যের তুলনায় একটু বেশি সুরক্ষা প্রদান করে। আপনার তথ্য কোথায় প্রক্রিয়া করা হচ্ছে তা নির্বিশেষে, আমরা এই নীতিতে বর্ণিত একই নিরাপত্তা প্রয়োগ করি। ডেটা ট্রান্সফার করার ক্ষেত্রে আমরা নির্দিষ্ট আইনি কাঠামো মেনে চলি।

আমরা যখন আনুষ্ঠানিকভাবে লিখিত অভিযোগ পাব, যে ব্যক্তি অভিযোগটি করেছেন আমরা তার সাথে যোগাযোগ করে প্রতিক্রিয়া জানাব। ব্যক্তিগত তথ্য স্থানান্তরণ সংক্রান্ত কোনও অভিযোগ যা আমরা সরাসরি আমাদের ব্যবহারকারীদের সাথে মীমাংসা করতে পারি না তা সমাধান করতে আমরা স্থানীয় ডেটা সুরক্ষা কর্তৃপক্ষদের সহ যথাযথ প্রবিধানিক কর্তৃপক্ষদের সঙ্গে কাজ করি।

# ইউরোপীয় আবশ্যকতা

## আপনার অধিকার কীভাবে প্রয়োগ করবেন এবং Google এর সাথে যোগাযোগ করবেন

আপনার তথ্য প্রসেস করার সময় 'ইউরোপীয় ইউনিয়ন (ইইউ)' অথবা 'যুক্তরাজ্য (ইউকে) তথ্য সুরক্ষা আইন প্রযোজ্য হয়, আমরা এই নীতিতে উল্লেখ করা নিয়ন্ত্রণ প্রদান করি যাতে আপনার অধিকার ব্যবহার করে আপনি তথ্য অ্যাক্সেস, আপডেট, সরিয়ে দিতে পারেন এবং সেগুলি সীমিত হারে প্রসেস করার অনুরোধ করতে পারেন। এছাড়া, আপনার তথ্য প্রসেস করা বা অন্য পরিষেবায় এক্সপোর্টের বিষয়ে আপত্তি জানানোর অধিকার আপনার আছে।

আপনার কী কী অধিকার রয়েছে সেই বিষয়ে অতিরিক্ত কোনও প্রশ্ন থাকলে বা আবেদন জানাতে হলে, আপনি Google টিম ও আমাদের ডেটা সুরক্ষা অফিসে যোগাযোগ করতে পারেন। যদি স্থানীয় আইনের আওতায় পড়ে এমন অধিকার সংক্রান্ত কোনও উদ্বেগ আপনার থাকে, তাহলে স্থানীয় ডেটা সুরক্ষা কর্তৃপক্ষের সাথে যোগাযোগ করতে পারেন।

### ডেটা কন্ট্রোলার

নির্দিষ্ট পরিষেবার গোপনীয়তা বিজ্ঞপ্তিতে আলাদাভাবে উল্লেখ না করা হলে, আপনি কোন জায়গার বাসিন্দা, তার ভিত্তিতে আপনার তথ্যের জন্য দায়বদ্ধ ডেটা কন্ট্রোলার নির্ধারণ করা হয়:

- ইউরোপীয় অর্থনৈতিক অঞ্চল অথবা সুইজারল্যান্ডের Google পরিষেবা ব্যবহারকারীদের জন্য Google Ireland Limited, যা Gordon House, Barrow Street, Dublin 4, Ireland লোকেশনে অবস্থিত।

- যুক্তরাজ্যে Google পরিষেবা ব্যবহারকারীদের জন্য Google LLC, যা 1600 Amphitheatre Parkway, Mountain View, California 94043, USA লোকেশনে অবস্থিত।

Google Search এবং Google Maps-এর মতো পরিষেবায় যে তথ্য ইন্ডেক্স করা ও দেখানো হয়, লোকেশন নির্বিশেষে তা প্রসেস করার ক্ষেত্রে Google LLC হল দায়বদ্ধ ডেটা কন্ট্রোলার। Google Ireland Limited হল ডেটা কন্ট্রোলার যা Google Ireland Limited-এর দ্বারা ইউরোপীয় অর্থনৈতিক অঞ্চল বা সুইজারল্যান্ডে পরিষেবা প্রদান করার জন্য Google's AI-এর মডেলগুলিকে প্রশিক্ষণ দেওয়ার ক্ষেত্রে তথ্য প্রসেস করার জন্য দায়বদ্ধ।

## তথ্য প্রসেস করার আইনি ভিত্তি

আমরা নিচে উল্লেখ করা আইনি তথ্যের ভিত্তিতে এই নীতিতে বলা উদ্দেশ্যে অনুযায়ী আপনার তথ্য প্রসেস করি:

- আপনি যে পরিষেবাটি চান, তা প্রদান করতে আমরা চুক্তি মেনে আপনার ডেটা প্রসেস করি।

- আমাদের এবং থার্ড-পার্টির বৈধ স্বার্থে, আমরা আপনার গোপনীয়তা নিশ্চিতকারী উপযুক্ত নিরাপত্তা ব্যবস্থা প্রয়োগ করে আপনার ডেটা প্রসেস করি।

- আপনার বা অন্যদের গুরুত্বপূর্ণ স্বার্থ রক্ষা করতে, আমরা একমাত্র আবশ্যক হলে তবেই আপনার ডেটা প্রসেস করি।

- কোনও আইনগত বাধ্যবাধকতা থাকলে তবেই আমরা আপনার ডেটা প্রসেস করি।

- নির্দিষ্ট কোনও কারণে আপনার ডেটা প্রসেস করার প্রয়োজন হলে আমরা আপনার কাছে সম্মতি চাই এবং আপনার যেকোনও সময় সম্মতি প্রত্যাহার করার অধিকার আছে।

আপনি Google পরিষেবা এবং গোপনীয়তা সেটিংস কীভাবে ব্যবহার করেন তার উপর নির্ভর করছে আপনার কোন ডেটা প্রসেস করা হবে, কোন কারণে সেই ডেটা প্রসেস করা হবে এবং কোন আইনি কারণে ডেটা প্রসেস করা হবে। নিচের টেবিলে ডেটা প্রসেস করার এইসব কারণ, কোন ধরনের ডেটা প্রসেস করা হয় এবং এই ডেটা প্রসেস করার আইনি কারণের ব্যাপারে বিশদে ব্যাখ্যা করা হয়েছে।

| কেন এবং কীভাবে ডেটা প্রসেস করা হয় | কোন ডেটা প্রসেস করা হয় | আইনি কারণ |
| --- | --- | --- |
| **Google পরিষেবা, প্রোডাক্ট এবং ফিচার প্রদান করতে**<br><br>ডেটা প্রসেসিং অ্যাক্টিভিটির উদাহরণ:<br><br>• ফলাফল দেখানোর জন্য আমরা আপনার সার্চ করা শব্দ প্রসেস করি।<br>• YouTube ভিডিও লোড করার মতো আপনার কোনও অনুরোধ করা ডেটা পাঠানোর জন্য আমরা আপনার ডিভাইসের জন্য অ্যাসাইন করা IP অ্যাড্রেস ব্যবহার করি।<br>• আমরা ডিভাইসের কুকিতে স্টোর করা অনন্য শনাক্তকারী ব্যবহার করে আপনার Google অ্যাকাউন্টের প্রকৃত মালিক হিসেবে আপনাকে শনাক্ত করি।<br>• Google ফটোতে আপনার আপলোড করা ফটো এবং ভিডিওর সাহায্যে শেয়ার করার উপযোগী অ্যালবাম, কোলাজ এবং অন্যান্য ক্রিয়েশন তৈরি করতে পারবেন।<br>• আপনি আমাদের থেকে কোনও পরিষেবা বা জিনিস কিনলে, আপনার শিপিং অ্যাড্রেস বা ডেলিভারি সংক্রান্ত নির্দেশ ব্যবহার | কোন তথ্য প্রসেস করা হবে তা নির্ভর করছে আপনি Google পরিষেবা কীভাবে ব্যবহার করেন তার উপর এবং আপনার সেটিংসের উপর, তবে তার মধ্যে এগুলি অন্তর্ভুক্ত থাকতে পারে:<br><br>• আপনি যা তৈরি করেন বা আমাদের দেন:<br>  ◦ আপনার তৈরি, আপলোড বা পাওয়া কন্টেন্ট (যেমন ফটো, ভিডিও, ইমেল, ডকুমেন্ট এবং স্প্রেডশিট)। Google Dashboard-এর মাধ্যমে আপনি নির্দিষ্ট প্রোডাক্ট সম্পর্কিত তথ্য ম্যানেজ করতে পারবেন।<br>  ◦ Google অ্যাকাউন্ট তৈরি করার সময় যেসব ব্যক্তিগত তথ্য আমাদের দেন (যেমন আপনার নাম ও পাসওয়ার্ড, ফোন নম্বর, জন্ম তারিখ বা | এই তথ্য প্রসেস করার আইনি কারণটি নির্ভর করছে আপনি Google পরিষেবা কীভাবে ব্যবহার করেন তার উপর এবং আপনার সেটিংসের উপর, তবে তার মধ্যে এগুলি অন্তর্ভুক্ত থাকতে পারে:<br><br>• আপনার **কোনও কার্য সম্পাদন করতে**, যেমন কোনও YouTube ভিডিও লোড করা অথবা আপনি আমাদের থেকে কোনও পরিষেবা বা জিনিস কিনলে সেই অর্ডারটি প্রসেস, সম্পূর্ণ ও ডেলিভার করা।<br>• আমাদের এবং থার্ড-পার্টির **বৈধ স্বার্থের** কারণে যদি প্রয়োজন হয়, যার মধ্যে রয়েছে:<br>  ◦ **আমাদের ব্যবহারকারীদের প্রয়োজনীয়তা পূরণের জন্য পরিষেবা প্রদান, রক্ষণাবেক্ষণ ও উন্নত করতে**। যেমন, Google প্রোডাক্টে আপনি যাদের সাথে ইন্টার‍্যাক্ট করেন, তাদের পরিচিতির তথ্য (যেমন নাম ও ইমেল আইডি) ব্যবহার করা। এর সাহায্যে, Gmail, |

| কেন এবং কীভাবে ডেটা প্রসেস করা হয় | কোন ডেটা প্রসেস করা হয় | আইনি কারণ |
| --- | --- | --- |
| করে আমরা সেই অর্ডারটি প্রসেস, সম্পূর্ণ ও ডেলিভার করি এবং আপনার কেনা প্রোডাক্ট বা পরিষেবা সংক্রান্ত সহায়তা প্রদান করি।<br>• আপনি Google Drive-এ অতিরিক্ত স্টোরেজ কিনলে আমরা আপনার পেমেন্টের তথ্য প্রসেস করি।<br>• Google প্রোডাক্টে আপনি যাদের সাথে ইন্টার‍্যাক্ট করেন, আমরা তাদের পরিচিতির তথ্য (যেমন নাম ও ইমেল আইডি) ব্যবহার করতে পারি। এর সাহায্যে, Gmail, Photos এবং Assistant-এর মতো অন্যান্য Google পরিষেবায় কিছু কমিউনিকেট বা শেয়ার করার সময় এইসব লোকজনকে সহজেই খুঁজে বের করতে পারবেন।<br>• আপনি কোনও ফ্লাইট কনফার্মেশন ইমেল পেলে, সেটি ব্যবহার করে Gmail-এ একটি “চেক-ইন করুন” বোতাম দেখানো হতে পারে।<br>• এছাড়া, সর্বজনীনভাবে অ্যাক্সেস করার মতো সোর্স থেকেও Google আপনার বিষয়ে তথ্য | পেমেন্টের তথ্য)।<br>• আপনি আমাদের পরিষেবা ব্যবহার করার সময় আমরা যে তথ্য সংগ্রহ করি:<br>  • আপনার ব্যবহার করা অ্যাপ, ব্রাউজার ও ডিভাইসের তথ্য, যেমন আপনি যে ব্রাউজার, অ্যাপ বা ডিভাইস ব্যবহার করেন তার সাথে সংশ্লিষ্ট অনন্য শনাক্তকারী এবং আমাদের পরিষেবার সাথে আপনার অ্যাপ, ব্রাউজার ও ডিভাইসের ইন্টার‍্যাকশন সংক্রান্ত তথ্য (যেমন IP অ্যাড্রেস, ক্র্যাশ রিপোর্ট এবং সিস্টেম অ্যাক্টিভিটি)।<br>  • আমাদের পরিষেবায় আপনার অ্যাক্টিভিটি সংক্রান্ত তথ্য, যেমন আপনার সার্চ করা শব্দ, Google অ্যাকাউন্টের | Photos এবং Assistant-এর মতো অন্যান্য Google পরিষেবায় কিছু কমিউনিকেট বা শেয়ার করার সময় আপনি এইসব লোকজনকে সহজেই খুঁজে বের করতে পারবেন।<br>• আপনার **সম্মতি** নিয়ে ব্যবহার করা, যেমন, যখন আপনি Google লোকেশন শেয়ারিংয়ের সাথে নিজের লোকেশন শেয়ার করার বিকল্প বেছে নেন। |

| কেন এবং কীভাবে ডেটা প্রসেস করা হয় | কোন ডেটা প্রসেস করা হয় | আইনি কারণ |
| --- | --- | --- |
| সংগ্রহ করতে পারে। যেমন, স্থানীয় সংবাদপত্রে আপনার নাম প্রকাশিত হলে Google-এর সার্চ ইঞ্জিন সেই নিবন্ধটি ইন্ডেক্স করতে পারে এবং অন্য কেউ আপনার নাম খুঁজলে সেটি তাকে দেখানো হতে পারে। অথবা, আপনার ব্যবসার তথ্য ওয়েবসাইটে দেখা গেলে, আমরা Google পরিষেবায় সেটি ইন্ডেক্স করতে ও দেখাতে পারি।<br>• Google লোকেশন শেয়ারিং ব্যবহার করে আপনার লোকেশন শেয়ার করতে পারবেন, যাতে অন্যরা আপনাকে ম্যাপে খুঁজতে অথবা আপনার পৌঁছানোর আনুমানিক সময় জানতে পারেন।<br>• আপনার তথ্য শেয়ার করা বিভাগের বর্ণনা অনুযায়ী আমরা আপনার সম্মতি নিয়ে Google-এর বাইরে আপনার ব্যক্তিগত তথ্য শেয়ার করি। এছাড়াও আমরা আপনাকে সেইসব থার্ড-পার্টি অ্যাপ ও সাইট পর্যালোচনা এবং ম্যানেজ করার অনুমতি দিই, যাদের আপনি Google অ্যাকাউন্টের | সাথে সিঙ্ক করা Chrome ব্রাউজিং ইতিহাস, কন্টেন্ট ও বিজ্ঞাপনে আপনার পাওয়া ভিউ ও ইন্টার‍্যাকশন এবং যেসব থার্ড-পার্টি সাইট ও অ্যাপ আমাদের পরিষেবা ব্যবহার করে সেখানে আপনার অ্যাক্টিভিটি। আমার অ্যাক্টিভিটি-তে গিয়ে আপনার Google অ্যাকাউন্টে স্টোর করা অ্যাক্টিভিটি সম্পর্কিত ডেটা পর্যালোচনা ও কন্ট্রোল করতে পারবেন।<br>• লোকেশনের তথ্য যেমন জিপিএস, IP অ্যাড্রেস এবং আপনার ডিভাইস সংলগ্ন বা আশেপাশে উপলভ্য অন্যান্য সেন্সর থেকে প্রাপ্ত ডেটা যা | |

| কেন এবং কীভাবে ডেটা প্রসেস করা হয় | কোন ডেটা প্রসেস করা হয় | আইনি কারণ |
|---|---|---|
| ডেটায় অ্যাক্সেস দিয়েছেন। | আপনার ডিভাইস ও অ্যাকাউন্ট সেটিংসের উপর আংশিকভাবে নির্ভর করে।<br>• সর্বজনীনভাবে অ্যাক্সেস করার মতো সোর্স থেকে পাওয়া তথ্য, যেমন অনলাইনে উপলভ্য তথ্য (যেমন, আপনার নাম যদি কোনও স্থানীয় খবরের কাগজে প্রকাশিত হয়) অথবা অন্যান্য সর্বজনীন সোর্স থেকে পাওয়া তথ্য।<br>• আমাদের বিশ্বস্ত পার্টনারদের থেকে পাওয়া তথ্য, যেমন Google-এর পরিষেবায় দেখানোর জন্য যেসব ডিরেক্টরি পরিষেবা আমাদের ব্যবসা সম্পর্কিত তথ্য সরবরাহ করে অথবা অপব্যবহার আটকানোর জন্য যেসব নিরাপত্তা সংক্রান্ত পার্টনার আমাদের তথ্য প্রদান করে, তাদের থেকে পাওয়া কোনও তথ্য। | |

| কেন এবং কীভাবে ডেটা প্রসেস করা হয় | কোন ডেটা প্রসেস করা হয় | আইনি কারণ |
|---|---|---|
| **Google পরিষেবা, প্রোডাক্ট এবং ফিচার বজায় রাখতে ও উন্নত করতে**<br><br>**কোনও পরিষেবার যেভাবে কাজ করা উচিত সেই স্থিতিশীল অবস্থা বজায় রাখতে, যেমন পরিষেবার ডিবাগিং, সমস্যা ট্র্যাক করা বা সমাধান করা।**<br><br>ডেটা প্রসেসিং অ্যাক্টিভিটির উদাহরণ:<br>• কোনও সমস্যা আছে কি না জানতে আমরা সবসময় আমাদের সিস্টেম মনিটর করি। নির্দিষ্ট কোনও ফিচারে সমস্যা খুঁজে পাওয়া গেলে, সমস্যাটি শুরু হওয়ার আগে সংগৃহীত অ্যাক্টিভিটির তথ্য পর্যালোচনা করে আমরা আরও দ্রুত সমস্যার সমাধান করতে পারি।<br>• Google Maps ও Search-এর মতো অ্যাপে বিভিন্ন বোতামের সাথে ব্যবহারকারীদের ইন্টার‍্যাকশনের লগ রাখা হয়, যা থেকে বোঝা যায় যে সেগুলির যেভাবে কাজ করা উচিত সেভাবেই কাজ করছে কি না।<br><br>**Google পরিষেবাকে উন্নত করতে এবং এইসব** | কোন তথ্য প্রসেস করা হবে তা নির্ভর করছে আপনি Google পরিষেবা কীভাবে ব্যবহার করেন তার উপর এবং আপনার সেটিংসের উপর, তবে তার মধ্যে এগুলি অন্তর্ভুক্ত থাকতে পারে:<br>• আপনি যা তৈরি করেন বা আমাদের দেন:<br>  • আপনার তৈরি, আপলোড বা পাওয়া কন্টেন্ট (যেমন ফটো, ভিডিও, ইমেল, ডকুমেন্ট এবং স্প্রেডশিট)। Google Dashboard-এর মাধ্যমে আপনি নির্দিষ্ট প্রোডাক্ট সম্পর্কিত তথ্য ম্যানেজ করতে পারবেন।<br>  • Google অ্যাকাউন্ট তৈরি করার সময় যেসব ব্যক্তিগত তথ্য আমাদের দেন (যেমন আপনার নাম ও পাসওয়ার্ড, ফোন নম্বর, জন্ম তারিখ বা | এই তথ্য প্রসেস করার আইনি কারণটি নির্ভর করছে আপনি Google পরিষেবা কীভাবে ব্যবহার করেন তার উপর এবং আপনার সেটিংসের উপর, তবে তার মধ্যে এগুলি অন্তর্ভুক্ত থাকতে পারে:<br>• আপনার **কোনও কার্য সম্পাদন করতে**, যেমন Google অ্যাপের সাথে আপনার ইন্টার‍্যাকশনের লগ ব্যবহার করে নিশ্চিত করা যে অ্যাপগুলির যেমন কাজ করার কথা সেভাবেই কাজ করছে।<br>• আমাদের এবং থার্ড-পার্টির **বৈধ স্বার্থের** কারণে যদি প্রয়োজন হয়, যার মধ্যে রয়েছে:<br>  • **আমাদের ব্যবহারকারীদের প্রয়োজনীয়তা পূরণের জন্য পরিষেবা প্রদান, রক্ষণাবেক্ষণ ও উন্নত করতে।** যেমন, কোন শব্দগুলির ক্ষেত্রে সবচেয়ে ঘন ঘন বানান ভুল হয় তা বিশ্লেষণ করে, আমাদের পরিষেবা জুড়ে ব্যবহৃত বানান পরীক্ষা করার |

| কেন এবং কীভাবে ডেটা প্রসেস করা হয় | কোন ডেটা প্রসেস করা হয় | আইনি কারণ |
|---|---|---|
| **পরিষেবাকে আরও সুরক্ষিত ও বিশ্বাসযোগ্য করে তুলতে, যেমন, পরিষেবার বা ব্যবহারকারীদের ক্ষতি হতে পারে এমন কোনও প্রতারণা, অপব্যবহার, সুরক্ষা সংক্রান্ত ঝুঁকি ও টেকনিক্যাল সমস্যা শনাক্ত করা, প্রতিরোধ করা এবং সেই বিষয়ে যথাযথ পদক্ষেপ নেওয়া।**<br><br>ডেটা প্রসেসিং অ্যাক্টিভিটির উদাহরণ:<br><br>• আমরা যাতে আরও ভালো প্রোডাক্ট তৈরি করতে পারি সেই জন্য আমাদের পরিষেবার সাথে আপনার ইন্টার‍্যাকশন সংক্রান্ত ডেটা বিশ্লেষণ করা হয়। যেমন, এর সাহায্যে আমরা বুঝতে পারি যে কোনও বিশেষ কাজ সম্পূর্ণ করতে ব্যবহারকারীদের অনেক বেশি সময় লাগছে অথবা তারা আদৌ কোনও ধাপ সম্পূর্ণ করতে পারছেন কিনা। আমরা তারপর সেই ফিচার নতুনভাবে ডিজাইন করে প্রোডাক্টটি সবার জন্য উন্নত করতে পারি।<br>• কোন শব্দগুলির ক্ষেত্রে সবচেয়ে ঘন ঘন বানান ভুল হয় সেগুলি আমরা বিশ্লেষণ করি, যার | পেমেন্টের তথ্য)।<br><br>• আপনি আমাদের পরিষেবা ব্যবহার করার সময় আমরা যে তথ্য সংগ্রহ করি:<br>  • আপনার ব্যবহার করা অ্যাপ, ব্রাউজার ও ডিভাইসের তথ্য, যেমন আপনি যে ব্রাউজার, অ্যাপ বা ডিভাইস ব্যবহার করেন তার সাথে সংশ্লিষ্ট অনন্য শনাক্তকারী এবং আমাদের পরিষেবার সাথে আপনার অ্যাপ, ব্রাউজার ও ডিভাইসের ইন্টার‍্যাকশন সংক্রান্ত তথ্য (যেমন IP অ্যাড্রেস, ক্র্যাশ রিপোর্ট এবং সিস্টেম অ্যাক্টিভিটি)।<br>  • আমাদের পরিষেবায় আপনার অ্যাক্টিভিটি সংক্রান্ত তথ্য, যেমন আপনার সার্চ করা শব্দ, Google অ্যাকাউন্টের | ফিচারগুলি উন্নত করা।<br><br>• **আমাদের পরিষেবার ভালো পারফর্ম্যান্স নিশ্চিত ও উন্নত করতে, আমাদের পরিষেবা লোকজন কীভাবে ব্যবহার করেন তা বোঝা।** যেমন, অনুবাদের মান উন্নত করতে এবং আরও বেশি ভাষায় Translate উপলভ্য করতে, Google Translate-এর ব্যবহার সংক্রান্ত ডেটা বিশ্লেষণ করা।<br>• **এমন বিষয়ে রিসার্চ করা যা আমাদের ব্যবহারকারীদের জন্য পরিষেবাকে উন্নত করবে এবং লোকজনের সুবিধা হবে।** যেমন, Google Translate-এর অনুবাদের মান উন্নত করা এবং আরও বেশি ভাষায় Translate উপলভ্য করা। |

| কেন এবং কীভাবে ডেটা প্রসেস করা হয় | কোন ডেটা প্রসেস করা হয় | আইনি কারণ |
|---|---|---|
| ফলে আমাদের পরিষেবা জুড়ে ব্যবহৃত বানান পরীক্ষা করার ফিচারগুলি উন্নত করতে সুবিধা হয়।<br>• অনুবাদের মান উন্নত করতে এবং আরও বেশি ভাষায় Translate উপলভ্য করতে, আমরা Google Translate-এর ব্যবহার সংক্রান্ত ডেটা বিশ্লেষণ করি।<br>• বিভিন্ন ধরনের কোয়েরির জন্য কোন প্রোডাক্ট, মার্চেন্ট ও ব্র্যান্ডগুলি প্রাসঙ্গিক তা বুঝতে, আমরা Google Shopping-এর কোয়েরি বিশ্লেষণ করি।<br>• ফিশিং, ম্যালওয়্যার, ক্ষতিকর বিজ্ঞাপন এবং আরও অনেক ধরনের বিপদের হাত থেকে সুরক্ষিত রাখতে, Google Chrome-এর Safe Browsing ফিচারটি কোনও ব্যবহারকারীর ব্রাউজার ও Google সার্ভারের মধ্যে কোনও সন্দেহজনক ওয়েবসাইট খুঁজে পেলে সেই বিষয়ে তথ্য পাঠাতে পারে। | সাথে সিঙ্ক করা Chrome ব্রাউজিং ইতিহাস, কন্টেন্ট ও বিজ্ঞাপনে আপনার পাওয়া ভিউ ও ইন্টার‍্যাকশন এবং যেসব থার্ড-পার্টি সাইট ও অ্যাপ আমাদের পরিষেবা ব্যবহার করে সেখানে আপনার অ্যাক্টিভিটি। আমার অ্যাক্টিভিটি-তে গিয়ে আপনার Google অ্যাকাউন্টে স্টোর করা অ্যাক্টিভিটি সম্পর্কিত ডেটা পর্যালোচনা ও কন্ট্রোল করতে পারবেন।<br>• লোকেশনের তথ্য যেমন জিপিএস, IP অ্যাড্রেস এবং আপনার ডিভাইস সংলগ্ন বা আশেপাশে উপলভ্য অন্যান্য সেন্সর থেকে প্রাপ্ত ডেটা যা | |

| কেন এবং কীভাবে ডেটা প্রসেস করা হয় | কোন ডেটা প্রসেস করা হয় | আইনি কারণ |
| --- | --- | --- |
| | আপনার ডিভাইস ও অ্যাকাউন্ট সেটিংসের উপর আংশিকভাবে নির্ভর করে।<br>• সর্বজনীনভাবে অ্যাক্সেস করার মতো সোর্স থেকে পাওয়া তথ্য, যেমন অনলাইনে উপলভ্য তথ্য (যেমন, আপনার নাম যদি কোনও স্থানীয় খবরের কাগজে প্রকাশিত হয়) অথবা অন্যান্য সর্বজনীন সোর্স থেকে পাওয়া তথ্য।<br>• আমাদের বিশ্বস্ত পার্টনারদের থেকে পাওয়া তথ্য, যেমন Google-এর পরিষেবায় দেখানোর জন্য যেসব ডিরেক্টরি পরিষেবা আমাদের ব্যবসা সম্পর্কিত তথ্য সরবরাহ করে অথবা অপব্যবহার আটকানোর জন্য যেসব নিরাপত্তা সংক্রান্ত পার্টনার আমাদের তথ্য প্রদান করে, তাদের থেকে পাওয়া কোনও তথ্য। | |

| কেন এবং কীভাবে ডেটা প্রসেস করা হয় | কোন ডেটা প্রসেস করা হয় | আইনি কারণ |
|---|---|---|
| **নতুন Google পরিষেবা, প্রোডাক্ট ও ফিচার ডেভেলপ করতে**<br><br>ডেটা প্রসেসিং অ্যাক্টিভিটির উদাহরণ:<br>• Google-এর প্রথম ফটো অ্যাপ Picasa-তে লোকজন কীভাবে তাদের ফটো সাজিয়ে রাখতেন সেই বিষয়টি বুঝে নেওয়ায়, আমাদের Google Photos ডিজাইন ও লঞ্চ করতে সুবিধা হয়েছিল।<br>• ছোট দৈর্ঘ্যের কন্টেন্ট দর্শকরা কীভাবে দেখেন এবং ক্রিয়েটররা কীভাবে তৈরি করেন সেই বিষয়টি বুঝে নেওয়ায়, Google-এর নতুন YouTube পরিষেবা ডেভেলপ করতে সুবিধা হয়েছিল।<br>• আপনার সেটিংসের ভিত্তিতে, আমরা Google Search, Assistant, Maps ও Gboard-এর মতো পরিষেবায় আপনার ভয়েসের মাধ্যমে ইন্টার‍্যাকশনের অডিও রেকর্ডিং সেভ করতে পারি, যা Google-এর অডিও প্রযুক্তি তৈরি ও উন্নত করতে সাহায্য করবে। | কোন তথ্য প্রসেস করা হবে তা নির্ভর করছে আপনি Google পরিষেবা কীভাবে ব্যবহার করেন তার উপর এবং আপনার সেটিংসের উপর, তবে তার মধ্যে এগুলি অন্তর্ভুক্ত থাকতে পারে:<br>• আপনি যা তৈরি করেন বা আমাদের দেন:<br>  ◦ আপনার তৈরি, আপলোড বা পাওয়া কন্টেন্ট (যেমন ফটো, ভিডিও, ইমেল, ডকুমেন্ট এবং স্প্রেডশিট)। Google Dashboard-এর মাধ্যমে আপনি নির্দিষ্ট প্রোডাক্ট সম্পর্কিত তথ্য ম্যানেজ করতে পারবেন।<br>  ◦ Google অ্যাকাউন্ট তৈরি করার সময় যেসব ব্যক্তিগত তথ্য আমাদের দেন (যেমন আপনার নাম ও পাসওয়ার্ড, ফোন নম্বর, জন্ম তারিখ বা | এই তথ্য প্রসেস করার আইনি কারণটি নির্ভর করছে আপনি Google পরিষেবা কীভাবে ব্যবহার করেন তার উপর এবং আপনার সেটিংসের উপর, তবে তার মধ্যে এগুলি অন্তর্ভুক্ত থাকতে পারে:<br>• আমাদের এবং থার্ড-পার্টির **বৈধ স্বার্থের** কারণে যদি প্রয়োজন হয়, যার মধ্যে রয়েছে:<br>  ◦ **আমাদের ব্যবহারকারীদের পক্ষে উপযোগী নতুন প্রোডাক্ট ও ফিচার ডেভেলপ করা।** যেমন, Google-এর প্রথম ফটো অ্যাপ Picasa-তে লোকজন কীভাবে তাদের ফটো গুছিয়ে রাখত তা বোঝার ফলে Google Photos ডিজাইন ও লঞ্চ করার কাজে আমাদের উপকার হয়েছে। অথবা সর্বজনীনভাবে উপলভ্য বা অন্যান্য সর্বজনীন উৎস থেকে নেওয়া তথ্যের সাহায্যে Google-এর AI মডেলকে ট্রেনিং দেওয়া এবং এই |

| কেন এবং কীভাবে ডেটা প্রসেস করা হয় | কোন ডেটা প্রসেস করা হয় | আইনি কারণ |
|---|---|---|
| • আমরা অনলাইন বা অন্যান্য সর্বজনীন সোর্সে সবার জন্য উপলভ্য তথ্য ব্যবহার করে নতুন নতুন মেশিন লার্নিং মডেলকে প্রশিক্ষণ দিই এবং বিভিন্ন মৌলিক প্রযুক্তি তৈরি করি যার মাধ্যমে Google Translate ও Gemini অ্যাপের মতো Google প্রোডাক্ট এবং ক্লাউড AI চালিত সুবিধাগুলি কাজ করে।<br>• Gemini অ্যাপের মতো AI মডেল এবং প্রযুক্তির সাথে আপনার ইন্টার‍্যাকশন সংক্রান্ত তথ্য ব্যবহার করে আমরা এইসব মডেল ডেভেলপ, প্রশিক্ষণ, ফাইন-টিউন এবং উন্নত করে তুলি যাতে এগুলি আপনাদের অনুরোধ আরও ভালোভাবে হ্যান্ডেল করতে পারে এবং সুরক্ষা, ভাষা বোঝার ক্ষমতা ও তথ্যের সত্যতার মতো ক্লাসিফায়ার ও ফিল্টারগুলি আপডেট করতে পারে। | পেমেন্টের তথ্য)।<br>• আপনি আমাদের পরিষেবা ব্যবহার করার সময় আমরা যে তথ্য সংগ্রহ করি:<br>  • আপনার ব্যবহার করা অ্যাপ, ব্রাউজার ও ডিভাইসের তথ্য, যেমন আপনি যে ব্রাউজার, অ্যাপ বা ডিভাইস ব্যবহার করেন তার সাথে সংশ্লিষ্ট অনন্য শনাক্তকারী এবং আমাদের পরিষেবার সাথে আপনার অ্যাপ, ব্রাউজার ও ডিভাইসের ইন্টার‍্যাকশন সংক্রান্ত তথ্য (যেমন IP অ্যাড্রেস, ক্র্যাশ রিপোর্ট এবং সিস্টেম অ্যাক্টিভিটি)।<br>  • আমাদের পরিষেবায় আপনার অ্যাক্টিভিটি সংক্রান্ত তথ্য, যেমন আপনার সার্চ করা শব্দ, Google অ্যাকাউন্টের | ফাউন্ডেশনাল টেকনোলজি ব্যবহার করে Google Translate, Gemini অ্যাপ ও ক্লাউড AI-এর মতো প্রোডাক্ট বা ফিচার তৈরি করা।<br>• **আমাদের ব্যবহারকারীদের প্রয়োজনীয়তা পূরণের জন্য পরিষেবা প্রদান, রক্ষণাবেক্ষণ ও উন্নত করা।** যেমন, Gemini অ্যাপের সাথে আপনার ইন্টার‍্যাকশনের মতো আমাদের পরিষেবায় আপনার অ্যাক্টিভিটির তথ্য ব্যবহার করে মেশিন লার্নিং মডেলের উন্নতি ও তাদের ভাষা বোঝার ক্ষমতা, নিরাপত্তা ক্লাসিফায়ার ও ফিল্টার আপডেট করা।<br>• Google অডিও টেকনোলজি ডেভেলপ ও উন্নতি করতে আপনার **সম্মতি** নিয়ে Google Search, Assistant, Maps, Gboard ইত্যাদিতে আপনার |

| কেন এবং কীভাবে ডেটা প্রসেস করা হয় | কোন ডেটা প্রসেস করা হয় | আইনি কারণ |
| --- | --- | --- |
| | সাথে সিঙ্ক করা Chrome ব্রাউজিং ইতিহাস, কন্টেন্ট ও বিজ্ঞাপনে আপনার পাওয়া ভিউ ও ইন্টার‍্যাকশন এবং যেসব থার্ড-পার্টি সাইট ও অ্যাপ আমাদের পরিষেবা ব্যবহার করে সেখানে আপনার অ্যাক্টিভিটি। আমার অ্যাক্টিভিটি-তে গিয়ে আপনার Google অ্যাকাউন্টে স্টোর করা অ্যাক্টিভিটি সম্পর্কিত ডেটা পর্যালোচনা ও কন্ট্রোল করতে পারবেন।<br>• লোকেশনের তথ্য যেমন জিপিএস, IP অ্যাড্রেস এবং আপনার ডিভাইস সংলগ্ন বা আশেপাশে উপলভ্য অন্যান্য সেন্সর থেকে প্রাপ্ত ডেটা যা | ভয়েস ইন্টার‍্যাকশনের অডিও রেকর্ডিং সেভ করা। |

| কেন এবং কীভাবে ডেটা প্রসেস করা হয় | কোন ডেটা প্রসেস করা হয় | আইনি কারণ |
|---|---|---|
| | আপনার ডিভাইস ও অ্যাকাউন্ট সেটিংসের উপর আংশিকভাবে নির্ভর করে।<br>• সর্বজনীনভাবে অ্যাক্সেস করার মতো সোর্স থেকে পাওয়া তথ্য, যেমন অনলাইনে উপলভ্য তথ্য (যেমন, আপনার নাম যদি কোনও স্থানীয় খবরের কাগজে প্রকাশিত হয়) অথবা অন্যান্য সর্বজনীন সোর্স থেকে পাওয়া তথ্য।<br>• আমাদের বিশ্বস্ত পার্টনারদের থেকে পাওয়া তথ্য, যেমন Google-এর পরিষেবায় দেখানোর জন্য যেসব ডিরেক্টরি পরিষেবা আমাদের ব্যবসা সম্পর্কিত তথ্য সরবরাহ করে অথবা অপব্যবহার আটকানোর জন্য যেসব নিরাপত্তা সংক্রান্ত পার্টনার আমাদের তথ্য প্রদান করে, তাদের থেকে পাওয়া কোনও তথ্য। | |

| কেন এবং কীভাবে ডেটা প্রসেস করা হয় | কোন ডেটা প্রসেস করা হয় | আইনি কারণ |
|---|---|---|
| **কন্টেন্ট ও বিজ্ঞাপন সহ আপনার পছন্দমতো পরিষেবা প্রদান করতে**<br><br>**সাজেশন ও আপনার পছন্দমতো কন্টেন্ট প্রদান এবং কাস্টমাইজ করা সার্চ ফলাফল দেখানোর দেখানো সহ আমাদের পরিষেবা আপনার জন্য কাস্টমাইজ করতে।**<br><br>ডেটা প্রসেসিং অ্যাক্টিভিটির উদাহরণ:<br>• Google-এর নিরাপত্তা পরীক্ষা ফিচার আপনি কীভাবে Google প্রোডাক্ট ব্যবহার করেন সেটির সাথে মানানসই করে নিরাপত্তা সংক্রান্ত পরামর্শ দেয়।<br>• আপনি মোটামুটি কোথায় আছেন সেই তথ্য ব্যবহার করে Google News আপনাকে স্থানীয় খবরের ফলাফল দেখাতে পারে।<br>• আপনি মোটামুটি কোথায় আছেন সেই তথ্য ব্যবহার করে Google Search আপনাকে ফলাফল দেখাতে পারে।<br>• আপনার অনুরোধ অনুযায়ী মেসেজ পাঠানোর জন্য Google Assistant আপনার পরিচিতির | কোন তথ্য প্রসেস করা হবে তা নির্ভর করছে আপনি Google পরিষেবা কীভাবে ব্যবহার করেন তার উপর এবং আপনার সেটিংসের উপর, তবে তার মধ্যে এগুলি অন্তর্ভুক্ত থাকতে পারে:<br>• আপনি যা তৈরি করেন বা আমাদের দেন:<br>  ◦ আপনার তৈরি, আপলোড বা পাওয়া কন্টেন্ট (যেমন ফটো, ভিডিও, ইমেল, ডকুমেন্ট এবং স্প্রেডশিট)। Google Dashboard-এর মাধ্যমে আপনি নির্দিষ্ট প্রোডাক্ট সম্পর্কিত তথ্য ম্যানেজ করতে পারবেন।<br>  ◦ Google অ্যাকাউন্ট তৈরি করার সময় যেসব ব্যক্তিগত তথ্য আমাদের দেন (যেমন আপনার নাম ও পাসওয়ার্ড, ফোন নম্বর, জন্ম তারিখ বা | এই তথ্য প্রসেস করার আইনি কারণটি নির্ভর করছে আপনি Google পরিষেবা কীভাবে ব্যবহার করেন তার উপর এবং আপনার সেটিংসের উপর, তবে তার মধ্যে এগুলি অন্তর্ভুক্ত থাকতে পারে:<br>• আপনার **কোনও কাজ করে দেওয়ার জন্য,** উদাহরণস্বরূপ আপনার অনুরোধে মেসেজ পাঠানোর জন্য Google Assistant আপনার পরিচিতির তথ্য ব্যবহার করে, যেমন "শ্যামল মৈত্রকে মেসেজ পাঠাও"।<br>• আমাদের এবং থার্ড-পার্টির **বৈধ স্বার্থের** কারণে যদি প্রয়োজন হয়, যার মধ্যে রয়েছে:<br>  ◦ **আপনার আরও ভালো অভিজ্ঞতা প্রদান করার জন্য আমাদের পরিষেবা কাস্টমাইজ করা।** যেমন, আপনার দেশের বিশেষ ইভেন্ট উদযাপন করতে Search হোমপেজে Google ডুডল দেখানো, আপনি কীভাবে Google প্রোডাক্ট ব্যবহার করেন সেই |

| কেন এবং কীভাবে ডেটা প্রসেস করা হয় | কোন ডেটা প্রসেস করা হয় | আইনি কারণ |
|---|---|---|
| তথ্য ব্যবহার করতে পারে, যেমন "শ্যামল মৈত্রকে মেসেজ পাঠাও।"<br>• আপনি আগেই ইনস্টল করেছেন এমন অ্যাপ এবং YouTube-এ আপনার দেখা ভিডিও ইত্যাদির মতো তথ্য ব্যবহার করে Google Play আপনার পছন্দ হতে পারে এমন নতুন অ্যাপ সাজেস্ট করতে পারে।<br>• আপনার দেশের বিশেষ ইভেন্ট উদযাপন করতে Search হোমপেজে Google ডুডল দেখাতে পারে।<br>• আপনি যে বিষয়ের সাইট দেখছেন সেটির উপর নির্ভর করে Google বিজ্ঞাপন দেখাতে পারে, যেমন বাগান করার ব্যাপারে পরামর্শ আছে এমন সাইটে বাগানে কাজ করার সরঞ্জাম।<br>• আপনি Google অ্যাকাউন্টে সাইন-ইন করে ওয়েব ও অ্যাপ অ্যাক্টিভিটি কন্ট্রোল চালু করলে, আপনার আগের সার্চ ও অন্যান্য Google পরিষেবায় অ্যাক্টিভিটির ভিত্তিতে আপনাকে আরও প্রাসঙ্গিক সার্চ ফলাফল দেখানো হবে। | পেমেন্টের তথ্য)।<br>• আপনি আমাদের পরিষেবা ব্যবহার করার সময় আমরা যে তথ্য সংগ্রহ করি:<br>  • আপনার ব্যবহার করা অ্যাপ, ব্রাউজার ও ডিভাইসের তথ্য, যেমন আপনি যে ব্রাউজার, অ্যাপ বা ডিভাইস ব্যবহার করেন তার সাথে সংশ্লিষ্ট অনন্য শনাক্তকারী এবং আমাদের পরিষেবার সাথে আপনার অ্যাপ, ব্রাউজার ও ডিভাইসের ইন্টার‍্যাকশন সংক্রান্ত তথ্য (যেমন IP অ্যাড্রেস, ক্র্যাশ রিপোর্ট এবং সিস্টেম অ্যাক্টিভিটি)।<br>  • আমাদের পরিষেবায় আপনার অ্যাক্টিভিটি সংক্রান্ত তথ্য, যেমন আপনার সার্চ করা শব্দ, Google অ্যাকাউন্টের | অনুযায়ী নিরাপত্তা সংক্রান্ত পরামর্শ দেওয়া অথবা প্রাসঙ্গিক হলে বয়সোপযোগী অভিজ্ঞতা প্রদান করা।<br>  • **বিজ্ঞাপন দেখানো, যার ফলে আমরা অনেক পরিষেবা বিনামূল্যে দিতে পারি।** যেমন আপনি যে বিষয়ের সাইট দেখছেন সেটির উপর নির্ভর করে বিজ্ঞাপন দেখানো, উদাহরণস্বরূপ বাগান করার ব্যাপারে পরামর্শ আছে এমন সাইটে বাগানে কাজ করার সরঞ্জাম। (আপনার পছন্দমতো বিজ্ঞাপন দেখানোর আগে আপনার সম্মতি নেওয়া হয়।)<br>• আপনার **সম্মতি** নিয়ে YouTube-এ আপনার দেখা ভিডিওর উপর নির্ভর করে Google Play-তে অ্যাপ সাজেস্ট করা অথবা আপনার আগ্রহ অনুযায়ী পছন্দমতো বিজ্ঞাপন দেখানো, যেমন আপনি |

| কেন এবং কীভাবে ডেটা প্রসেস করা হয় | কোন ডেটা প্রসেস করা হয় | আইনি কারণ |
|---|---|---|
| **সেটিংসের উপর নির্ভর করে আপনার আগ্রহের ভিত্তিতে আপনাকে পছন্দমতো বিজ্ঞাপন দেখাতে।**<br><br>ডেটা প্রসেসিং অ্যাক্টিভিটির উদাহরণ:<br>• আপনি "মাউন্টেন বাইক" সার্চ করলে বা মাউন্টেন বাইকিং প্রসঙ্গে ভিডিও দেখলে সার্চ ফলাফল বা বিজ্ঞাপনে YouTube খেলাধূলার সরঞ্জামের উপর বিজ্ঞাপন দেখতে পারেন।<br>• আপনি YouTube-এ বেকিং নিয়ে ভিডিও দেখলে ওয়েব ব্রাউজ করার সময় বেকিং সংক্রান্ত আরও বিজ্ঞাপন দেখতে পারেন।<br>• বিজ্ঞাপনদাতা থেকে পাওয়া তথ্যের ভিত্তিতে আপনাকে নিজের মতো করে সাজানো বিজ্ঞাপনও দেখানো যেতে পারে। ধরুন আপনি যদি কোনও বিজ্ঞাপনদাতার ওয়েবসাইটে কেনাকাটা করেন তাহলে আপনাকে আরও বিজ্ঞাপন দেখানোর জন্য তারা সেই ঘুরে দেখা সংক্রান্ত তথ্য ব্যবহার করতে পারে। | সাথে সিঙ্ক করা Chrome ব্রাউজিং ইতিহাস, কন্টেন্ট ও বিজ্ঞাপনে আপনার পাওয়া ভিউ ও ইন্টার‍্যাকশন এবং যেসব থার্ড-পার্টি সাইট ও অ্যাপ আমাদের পরিষেবা ব্যবহার করে সেখানে আপনার অ্যাক্টিভিটি। আমার অ্যাক্টিভিটি-তে গিয়ে আপনার Google অ্যাকাউন্টে স্টোর করা অ্যাক্টিভিটি সম্পর্কিত ডেটা পর্যালোচনা ও কন্ট্রোল করতে পারবেন।<br>• লোকেশনের তথ্য যেমন জিপিএস, IP অ্যাড্রেস এবং আপনার ডিভাইস সংলগ্ন বা আশেপাশে উপলভ্য অন্যান্য সেন্সর থেকে প্রাপ্ত ডেটা যা | YouTube-এ বেকিং নিয়ে ভিডিও দেখলে ওয়েব ব্রাউজ করার সময় বেকিং সংক্রান্ত বিজ্ঞাপন দেখানো। |

| কেন এবং কীভাবে ডেটা প্রসেস করা হয় | কোন ডেটা প্রসেস করা হয় | আইনি কারণ |
|---|---|---|
| | আপনার ডিভাইস ও অ্যাকাউন্ট সেটিংসের উপর আংশিকভাবে নির্ভর করে।<br>• সর্বজনীনভাবে অ্যাক্সেস করার মতো সোর্স থেকে পাওয়া তথ্য, যেমন অনলাইনে উপলভ্য তথ্য (যেমন, আপনার নাম যদি কোনও স্থানীয় খবরের কাগজে প্রকাশিত হয়) অথবা অন্যান্য সর্বজনীন সোর্স থেকে পাওয়া তথ্য।<br>• আমাদের বিশ্বস্ত পার্টনারদের থেকে পাওয়া তথ্য, যেমন Google-এর পরিষেবায় দেখানোর জন্য যেসব ডিরেক্টরি পরিষেবা আমাদের ব্যবসা সম্পর্কিত তথ্য সরবরাহ করে অথবা অপব্যবহার আটকানোর জন্য যেসব নিরাপত্তা সংক্রান্ত পার্টনার আমাদের তথ্য প্রদান করে, তাদের থেকে পাওয়া কোনও তথ্য। | |

| কেন এবং কীভাবে ডেটা প্রসেস করা হয় | কোন ডেটা প্রসেস করা হয় | আইনি কারণ |
|---|---|---|
| **পারফর্ম্যান্স পরিমাপ করা - আমাদের পরিষেবা কেমনভাবে ব্যবহার হচ্ছে তা বুঝতে আমরা ডেটা অ্যানালিটিক্স ব্যবহার করি এবং পরিমাপ করি।**<br><br>ডেটা প্রসেসিং অ্যাক্টিভিটির উদাহরণ:<br>• প্রোডাক্ট ডিজাইন অপ্টিমাইজ করার জন্য আপনি আমাদের যেসব সাইট দেখেন সেগুলির ডেটা আমরা বিশ্লেষণ করি।<br>• বিজ্ঞাপনদাতারা যাতে তাদের বিজ্ঞাপন ক্যাম্পেনের পারফর্ম্যান্স বুঝতে পারেন সেই জন্য আপনি ইন্ট্যার‍্যাক্ট করেন এমন বিজ্ঞাপনের ডেটা আমরা ব্যবহার করি।<br>• Google Earth-এ ব্যবহারকারীরা কোন জায়গাগুলি সবচেয়ে বেশি ক্লিক করেন সেই ডেটা আমরা ব্যবহার করি যাতে সমস্যা শনাক্ত করা যায় এবং কোন ফিচার জনপ্রিয় তা বোঝা যায়।<br>• Search-কে আরও উপযোগী করে তুলতে কোনও নির্দিষ্ট কোয়েরি কতবার ব্যবহার হয়েছে তা Google Search পরিমাপ করে এবং | কোন তথ্য প্রসেস করা হবে তা নির্ভর করছে আপনি Google পরিষেবা কীভাবে ব্যবহার করেন তার উপর এবং আপনার সেটিংসের উপর, তবে তার মধ্যে এগুলি অন্তর্ভুক্ত থাকতে পারে:<br>• আপনি যা তৈরি করেন বা আমাদের দেন:<br>  • আপনার তৈরি, আপলোড বা পাওয়া কন্টেন্ট (যেমন ফটো, ভিডিও, ইমেল, ডকুমেন্ট এবং স্প্রেডশিট)। Google Dashboard-এর মাধ্যমে আপনি নির্দিষ্ট প্রোডাক্ট সম্পর্কিত তথ্য ম্যানেজ করতে পারবেন।<br>  • Google অ্যাকাউন্ট তৈরি করার সময় যেসব ব্যক্তিগত তথ্য আমাদের দেন (যেমন আপনার নাম ও পাসওয়ার্ড, ফোন নম্বর, জন্ম তারিখ বা | এই তথ্য প্রসেস করার আইনি কারণটি নির্ভর করছে আপনি Google পরিষেবা কীভাবে ব্যবহার করেন তার উপর এবং আপনার সেটিংসের উপর, তবে তার মধ্যে এগুলি অন্তর্ভুক্ত থাকতে পারে:<br>• আমাদের এবং থার্ড-পার্টির **বৈধ স্বার্থের** কারণে যদি প্রয়োজন হয়, যার মধ্যে রয়েছে:<br>  • **আমাদের পরিষেবার ভালো পারফর্ম্যান্স নিশ্চিত ও উন্নত করতে, আমাদের পরিষেবা লোকজন কীভাবে ব্যবহার করেন তা বোঝা।** যেমন, অনুবাদের মান উন্নত করতে এবং আরও বেশি ভাষায় Translate উপলভ্য করতে, Google Translate-এর ব্যবহার সংক্রান্ত ডেটা বিশ্লেষণ করা।<br>  • **আমাদের পরিষেবার সাহায্যে জালিয়াতি, অপব্যবহার, নিরাপত্তা বা প্রযুক্তিগত সমস্যা শনাক্ত করা,** |

| কেন এবং কীভাবে ডেটা প্রসেস করা হয় | কোন ডেটা প্রসেস করা হয় | আইনি কারণ |
|---|---|---|
| ব্যবহারকারীরা সার্চ ফলাফলের মান সম্পর্কে কী ভাবছেন তা দেখা হয়।<br>• সম্ভাব্য নতুন ফিচার শনাক্ত করা এবং পরিষেবা ব্যবহারের সময় ব্যবহারকারীরা যে সমস্যায় ভুগছেন সেটির সমাধান করার জন্য Google Translate অনুবাদের সংখ্যা এবং কতবার কোনও অনুবাদ খারাপ মানের বলে চিহ্নিত হয়েছে সেই ডেটা বিশ্লেষণ করে।<br>• রয়্যালটি পেমেন্টের পাশাপাশি ব্যক্তিগতভাবে শনাক্তকরণযোগ্য নয় এমন তথ্য আমরা কন্টেন্ট লাইসেন্সরের মতো পার্টনারদের সাথে শেয়ার করতে পারি। | পেমেন্টের তথ্য)।<br>• আপনি আমাদের পরিষেবা ব্যবহার করার সময় আমরা যে তথ্য সংগ্রহ করি:<br>• আপনার ব্যবহার করা অ্যাপ, ব্রাউজার ও ডিভাইসের তথ্য, যেমন আপনি যে ব্রাউজার, অ্যাপ বা ডিভাইস ব্যবহার করেন তার সাথে সংশ্লিষ্ট অনন্য শনাক্তকারী এবং আমাদের পরিষেবার সাথে আপনার অ্যাপ, ব্রাউজার ও ডিভাইসের ইন্টার‍্যাকশন সংক্রান্ত তথ্য (যেমন IP অ্যাড্রেস, ক্র্যাশ রিপোর্ট এবং সিস্টেম অ্যাক্টিভিটি)।<br>• আমাদের পরিষেবায় আপনার অ্যাক্টিভিটি সংক্রান্ত তথ্য, যেমন আপনার সার্চ করা শব্দ, Google অ্যাকাউন্টের | **আটকানো বা অন্যভাবে মোকাবিলা করা।** যেমন, Google Earth-এ সমস্যা শনাক্ত করার জন্য ব্যবহারের ধরন মনিটর করা।<br>• **আমাদের ব্যবহারকারীদের প্রয়োজনীয়তা পূরণের জন্য পরিষেবা প্রদান, রক্ষণাবেক্ষণ ও উন্নতি করা।** যেমন, পরিষেবা ব্যবহারের সময় ব্যবহারকারীরা যে সমস্যায় ভুগছেন সেটির সমাধান করার জন্য Google Translate-এ কতবার কোনও অনুবাদ খারাপ মানের বলে চিহ্নিত হয়েছে সেই ডেটা বিশ্লেষণ করা।<br>• **আমাদের ব্যবহারকারীদের পক্ষে উপযোগী নতুন প্রোডাক্ট ও ফিচার ডেভেলপ করা।** যেমন, সম্ভাব্য নতুন ফিচার শনাক্ত করার জন্য Google Translate-এ |

| কেন এবং কীভাবে ডেটা প্রসেস করা হয় | কোন ডেটা প্রসেস করা হয় | আইনি কারণ |
| --- | --- | --- |
| | সাথে সিঙ্ক করা Chrome ব্রাউজিং ইতিহাস, কন্টেন্ট ও বিজ্ঞাপনে আপনার পাওয়া ভিউ ও ইন্টার‍্যাকশন এবং যেসব থার্ড-পার্টি সাইট ও অ্যাপ আমাদের পরিষেবা ব্যবহার করে সেখানে আপনার অ্যাক্টিভিটি। আমার অ্যাক্টিভিটি-তে গিয়ে আপনার Google অ্যাকাউন্টে স্টোর করা অ্যাক্টিভিটি সম্পর্কিত ডেটা পর্যালোচনা ও কন্ট্রোল করতে পারবেন।<br>• লোকেশনের তথ্য যেমন জিপিএস, IP অ্যাড্রেস এবং আপনার ডিভাইস সংলগ্ন বা আশেপাশে উপলভ্য অন্যান্য সেন্সর থেকে প্রাপ্ত ডেটা যা | অনুবাদের সংখ্যা বিশ্লেষণ করা।<br>• **ডেভেলপার ও স্বত্বাধিকারীদের মতো আমাদের পার্টনারদের প্রতি আমাদের দায়বদ্ধতা পূরণ করা।** যেমন, কন্টেন্ট লাইসেন্সরের রয়্যালটি পেমেন্টের সাথে রিপোর্ট দেওয়া। |

| কেন এবং কীভাবে ডেটা প্রসেস করা হয় | কোন ডেটা প্রসেস করা হয় | আইনি কারণ |
|---|---|---|
| | আপনার ডিভাইস ও অ্যাকাউন্ট সেটিংসের উপর আংশিকভাবে নির্ভর করে।<br>• সর্বজনীনভাবে অ্যাক্সেস করার মতো সোর্স থেকে পাওয়া তথ্য, যেমন অনলাইনে উপলভ্য তথ্য (যেমন, আপনার নাম যদি কোনও স্থানীয় খবরের কাগজে প্রকাশিত হয়) অথবা অন্যান্য সর্বজনীন সোর্স থেকে পাওয়া তথ্য।<br>• আমাদের বিশ্বস্ত পার্টনারদের থেকে পাওয়া তথ্য, যেমন Google-এর পরিষেবায় দেখানোর জন্য যেসব ডিরেক্টরি পরিষেবা আমাদের ব্যবসা সম্পর্কিত তথ্য সরবরাহ করে অথবা অপব্যবহার আটকানোর জন্য যেসব নিরাপত্তা সংক্রান্ত পার্টনার আমাদের তথ্য প্রদান করে, তাদের থেকে পাওয়া কোনও তথ্য। | |

| কেন এবং কীভাবে ডেটা প্রসেস করা হয় | কোন ডেটা প্রসেস করা হয় | আইনি কারণ |
|---|---|---|
| **আপনার সাথে যোগাযোগ রাখা - আপনার সাথে সরাসরি ইন্টার‍্যাক্ট করার জন্য আমাদের সংগ্রহ করা তথ্য ব্যবহার করা, যেমন আপনার ইমেল আইডি।**<br><br>ডেটা প্রসেসিং অ্যাক্টিভিটির উদাহরণ:<br><br>• সন্দেহজনক অ্যাক্টিভিটি শনাক্ত করলে আমরা আপনাকে বিজ্ঞপ্তি পাঠাতে পারি, যেমন অস্বাভাবিক জায়গা থেকে আপনার Google অ্যাকাউন্টে সাইন-ইন করার চেষ্টা।<br>• আমাদের পরিষেবায় আসন্ন পরিবর্তন ও উন্নতি সম্পর্কে আমরা আপনাকে জানাতে পারি।<br>• আপনি Google-এর সাথে যোগাযোগ করলে আপনার অনুরোধের রেকর্ড আমরা রেখে দেব, যাতে আপনার কোনও সমস্যার সমাধানে সাহায্য করা যায়।<br>• আপনার সেটিংসের উপর নির্ভর করে Photos-এর মতো Google পরিষেবা আপনাকে সেটির প্রোডাক্ট সংক্রান্ত মার্কেটিংয়ের তথ্য | কোন তথ্য প্রসেস করা হবে তা নির্ভর করছে আপনি Google পরিষেবা কীভাবে ব্যবহার করেন তার উপর এবং আপনার সেটিংসের উপর, তবে তার মধ্যে এগুলি অন্তর্ভুক্ত থাকতে পারে:<br><br>• আপনি যা তৈরি করেন বা আমাদের দেন:<br>  ◦ আপনার তৈরি, আপলোড বা পাওয়া কন্টেন্ট (যেমন ফটো, ভিডিও, ইমেল, ডকুমেন্ট এবং স্প্রেডশিট)। Google Dashboard-এর মাধ্যমে আপনি নির্দিষ্ট প্রোডাক্ট সম্পর্কিত তথ্য ম্যানেজ করতে পারবেন।<br>  ◦ Google অ্যাকাউন্ট তৈরি করার সময় যেসব ব্যক্তিগত তথ্য আমাদের দেন (যেমন আপনার নাম ও পাসওয়ার্ড, ফোন নম্বর, জন্ম তারিখ বা | এই তথ্য প্রসেস করার আইনি কারণটি নির্ভর করছে আপনি Google পরিষেবা কীভাবে ব্যবহার করেন তার উপর এবং আপনার সেটিংসের উপর, তবে তার মধ্যে এগুলি অন্তর্ভুক্ত থাকতে পারে:<br><br>• আপনার **কোনও কাজ করে দেওয়ার জন্য**, যেমন সাহায্য চাওয়ার জন্য Google-এর সাথে যোগাযোগ করা বা প্রোডাক্ট আপডেট পাওয়ার জন্য সাইন-আপ করা।<br>• আমাদের এবং থার্ড-পার্টির **বৈধ স্বার্থের** কারণে যদি প্রয়োজন হয়, যার মধ্যে রয়েছে:<br>  ◦ **আমাদের ব্যবহারকারীদের প্রয়োজনীয়তা পূরণের জন্য পরিষেবা প্রদান, রক্ষণাবেক্ষণ ও উন্নতি করা।** যেমন, আমাদের পরিষেবায় আসন্ন পরিবর্তন ও উন্নতি সম্পর্কে জানানোর জন্য আপনাকে পরিষেবার ব্যাপারে জানানো।<br>  ◦ **আমাদের পরিষেবার ব্যাপারে** |

| কেন এবং কীভাবে ডেটা প্রসেস করা হয় | কোন ডেটা প্রসেস করা হয় | আইনি কারণ |
|---|---|---|
| পাঠাতে পারে, যেমন প্রিন্টিংয়ের প্রচার।<br>• YouTube Premium ও YouTube Music Premium-এর মতো Google পরিষেবা আপনার সাবস্ক্রিপশনে আসন্ন পরিবর্তন সম্পর্কে আপনাকে বিজ্ঞপ্তি পাঠাতে পারে। | পেমেন্টের তথ্য)।<br>• আপনি আমাদের পরিষেবা ব্যবহার করার সময় আমরা যে তথ্য সংগ্রহ করি:<br>  • আপনার ব্যবহার করা অ্যাপ, ব্রাউজার ও ডিভাইসের তথ্য, যেমন আপনি যে ব্রাউজার, অ্যাপ বা ডিভাইস ব্যবহার করেন তার সাথে সংশ্লিষ্ট অনন্য শনাক্তকারী এবং আমাদের পরিষেবার সাথে আপনার অ্যাপ, ব্রাউজার ও ডিভাইসের ইন্টার‍্যাকশন সংক্রান্ত তথ্য (যেমন IP অ্যাড্রেস, ক্র্যাশ রিপোর্ট এবং সিস্টেম অ্যাক্টিভিটি)।<br>  • আমাদের পরিষেবায় আপনার অ্যাক্টিভিটি সংক্রান্ত তথ্য, যেমন আপনার সার্চ করা শব্দ, Google অ্যাকাউন্টের | **জানানোর জন্য মার্কেটিং।** যেমন, Photos-এর ব্যবহারকারীদের কাছে প্রিন্টিংয়ের প্রচার করা। |

| কেন এবং কীভাবে ডেটা প্রসেস করা হয় | কোন ডেটা প্রসেস করা হয় | আইনি কারণ |
|---|---|---|
| | সাথে সিঙ্ক করা Chrome ব্রাউজিং ইতিহাস, কন্টেন্ট ও বিজ্ঞাপনে আপনার পাওয়া ভিউ ও ইন্টার‍্যাকশন এবং যেসব থার্ড-পার্টি সাইট ও অ্যাপ আমাদের পরিষেবা ব্যবহার করে সেখানে আপনার অ্যাক্টিভিটি। আমার অ্যাক্টিভিটি-তে গিয়ে আপনার Google অ্যাকাউন্টে স্টোর করা অ্যাক্টিভিটি সম্পর্কিত ডেটা পর্যালোচনা ও কন্ট্রোল করতে পারবেন।<br>• লোকেশনের তথ্য যেমন জিপিএস, IP অ্যাড্রেস এবং আপনার ডিভাইস সংলগ্ন বা আশেপাশে উপলভ্য অন্যান্য সেন্সর থেকে প্রাপ্ত ডেটা যা | |

| কেন এবং কীভাবে ডেটা প্রসেস করা হয় | কোন ডেটা প্রসেস করা হয় | আইনি কারণ |
|---|---|---|
| | আপনার ডিভাইস ও অ্যাকাউন্ট সেটিংসের উপর আংশিকভাবে নির্ভর করে।<br>• সর্বজনীনভাবে অ্যাক্সেস করার মতো সোর্স থেকে পাওয়া তথ্য, যেমন অনলাইনে উপলভ্য তথ্য (যেমন, আপনার নাম যদি কোনও স্থানীয় খবরের কাগজে প্রকাশিত হয়) অথবা অন্যান্য সর্বজনীন সোর্স থেকে পাওয়া তথ্য।<br>• আমাদের বিশ্বস্ত পার্টনারদের থেকে পাওয়া তথ্য, যেমন Google-এর পরিষেবায় দেখানোর জন্য যেসব ডিরেক্টরি পরিষেবা আমাদের ব্যবসা সম্পর্কিত তথ্য সরবরাহ করে অথবা অপব্যবহার আটকানোর জন্য যেসব নিরাপত্তা সংক্রান্ত পার্টনার আমাদের তথ্য প্রদান করে, তাদের থেকে পাওয়া কোনও তথ্য। | |

| কেন এবং কীভাবে ডেটা প্রসেস করা হয় | কোন ডেটা প্রসেস করা হয় | আইনি কারণ |
| --- | --- | --- |
| **Google, আমাদের ব্যবহারকারী এবং জনগণকে সুরক্ষিত রাখার জন্য**<br><br>**আমাদের পরিষেবার নিরাপত্তা ও নির্ভরযোগ্যতার উন্নতি করা। Google, আমাদের ব্যবহারকারী এবং জনগণের ক্ষতি করতে পারে এমন জালিয়াতি, অপব্যবহার, নিরাপত্তা বা প্রযুক্তিগত সমস্যা শনাক্ত করা, আটকানো বা অন্যভাবে মোকাবিলা করা এর মধ্যে পড়ে।**<br><br>ডেটা প্রসেসিং অ্যাক্টিভিটির উদাহরণ:<br>• অটোমেটেড অপব্যবহার থেকে রক্ষা করার জন্য আমরা IP অ্যাড্রেস ও কুকি ডেটা সংগ্রহ ও বিশ্লেষণ করি। অপব্যবহার বিভিন্ন ধরনের হতে পারে, যেমন Gmail ব্যবহারকারীদের স্প্যাম পাঠানো, বিজ্ঞাপনে প্রতারণামূলকভাবে ক্লিক করে বিজ্ঞাপনদাতাদের থেকে টাকা চুরি বা ডিস্ট্রিবিউটেড ডিনায়েল অফ সার্ভিস (DDoS) আক্রমণের মাধ্যমে কন্টেন্টকে সেন্সর করা। | কোন তথ্য প্রসেস করা হবে তা নির্ভর করছে আপনি Google পরিষেবা কীভাবে ব্যবহার করেন তার উপর এবং আপনার সেটিংসের উপর, তবে তার মধ্যে এগুলি অন্তর্ভুক্ত থাকতে পারে:<br>• আপনি যা তৈরি করেন বা আমাদের দেন:<br>◦ আপনার তৈরি, আপলোড বা পাওয়া কন্টেন্ট (যেমন ফটো, ভিডিও, ইমেল, ডকুমেন্ট এবং স্প্রেডশিট)। Google Dashboard-এর মাধ্যমে আপনি নির্দিষ্ট প্রোডাক্ট সম্পর্কিত তথ্য ম্যানেজ করতে পারবেন।<br>◦ Google অ্যাকাউন্ট তৈরি করার সময় যেসব ব্যক্তিগত তথ্য আমাদের দেন (যেমন আপনার নাম ও পাসওয়ার্ড, ফোন নম্বর, জন্ম তারিখ বা | এই তথ্য প্রসেস করার আইনি কারণটি নির্ভর করছে আপনি Google পরিষেবা কীভাবে ব্যবহার করেন তার উপর এবং আপনার সেটিংসের উপর, তবে তার মধ্যে এগুলি অন্তর্ভুক্ত থাকতে পারে:<br>• আমাদের এবং থার্ড-পার্টির **বৈধ স্বার্থের** কারণে যদি প্রয়োজন হয়, যার মধ্যে রয়েছে:<br>◦ **প্রযোজ্য পরিষেবার শর্তাবলীর সম্ভাব্য লঙ্ঘন খতিয়ে দেখা সহ আইনি দাবি প্রয়োগ করা।** যেমন অপব্যবহার শনাক্ত করার জন্য কন্টেন্ট বিশ্লেষণ করা, উদাহরণস্বরূপ স্প্যাম, ম্যালওয়্যার ও বেআইনি কন্টেন্ট।<br>◦ **আমাদের পরিষেবার সাহায্যে জালিয়াতি, অপব্যবহার, নিরাপত্তা বা প্রযুক্তিগত সমস্যা শনাক্ত করা, আটকানো বা অন্যভাবে মোকাবিলা করা।** যেমন, অটোমেটেড |

| কেন এবং কীভাবে ডেটা প্রসেস করা হয় | কোন ডেটা প্রসেস করা হয় | আইনি কারণ |
|---|---|---|
| • আপনার অজান্তে কেউ আপনার ইমেল অ্যাক্সেস করেছে কিনা জানতে Gmail-এর "শেষ অ্যাকাউন্ট অ্যাক্টিভিটি" বৈশিষ্ট্যটি আপনাকে সাহায্য করতে পারে। এই বৈশিষ্ট্যটি আপনাকে Gmail-এ সাম্প্রতিক অ্যাক্টিভিটি সম্পর্কে তথ্য দেখায়, যেমন কোন আইপি অ্যাড্রেস থেকে আপনার মেল অ্যাক্সেস করা হয়েছে, সংশ্লিষ্ট লোকেশন এবং অ্যাক্সেসের তারিখ ও সময়।<br>• অপব্যবহার শনাক্ত করার কাজে সাহায্যের জন্য আমরা আপনার কন্টেন্ট বিশ্লেষণ করি, যেমন স্প্যাম, ম্যালওয়্যার ও বেআইনি কন্টেন্ট।<br>• আমাদের পরিষেবা থেকে কন্টেন্ট সরানোর অনুরোধ প্রসেস করতে আমরা Google-এর কন্টেন্ট সরানোর নীতি বা প্রযোজ্য আইনের সাহায্য নিই, যাতে অনুরোধের মূল্যায়ন, স্বচ্ছতা নিশ্চিত ও দায়বদ্ধতার উন্নতি করা যায় এবং এই ধরনের অনুরোধের অপব্যবহার ও জালিয়াতি রোধ করা যায়। | পেমেন্টের তথ্য)।<br>• আপনি আমাদের পরিষেবা ব্যবহার করার সময় আমরা যে তথ্য সংগ্রহ করি:<br>  • আপনার ব্যবহার করা অ্যাপ, ব্রাউজার ও ডিভাইসের তথ্য, যেমন আপনি যে ব্রাউজার, অ্যাপ বা ডিভাইস ব্যবহার করেন তার সাথে সংশ্লিষ্ট অনন্য শনাক্তকারী এবং আমাদের পরিষেবার সাথে আপনার অ্যাপ, ব্রাউজার ও ডিভাইসের ইন্টার‍্যাকশন সংক্রান্ত তথ্য (যেমন IP অ্যাড্রেস, ক্র্যাশ রিপোর্ট এবং সিস্টেম অ্যাক্টিভিটি)।<br>  • আমাদের পরিষেবায় আপনার অ্যাক্টিভিটি সংক্রান্ত তথ্য, যেমন আপনার সার্চ করা শব্দ, Google অ্যাকাউন্টের | অপব্যবহার থেকে রক্ষা করার জন্য IP অ্যাড্রেস ও কুকি ডেটা সংগ্রহ এবং বিশ্লেষণ করা।<br>• **সরকারি কর্তৃপক্ষের কাছে তথ্য প্রকাশ করা সহ Google, আমাদের ব্যবহারকারী বা জনগণের অধিকার, সম্পত্তি বা নিরাপত্তা সম্পর্কিত ক্ষয়ক্ষতি থেকে সুরক্ষিত রাখা।** যেমন, আইনি প্রক্রিয়া বা ডেটা প্রকাশ করার জন্য প্রয়োগযোগ্য সরকারি বা আদালতের অনুরোধের উত্তর দেওয়ার আগে প্রতিটি অনুরোধ প্রযোজ্য আইনি প্রয়োজনীয়তাকে পূরণ করছে কিনা তা ভালোভাবে পর্যালোচনা করে দেখে নেওয়া।<br>• **রিসার্চ করা, যাতে আমাদের ব্যবহারকারী ও লোকজনের উপকার করতে পরিষেবার উন্নতি করা যায়।** যেমন, |

| কেন এবং কীভাবে ডেটা প্রসেস করা হয় | কোন ডেটা প্রসেস করা হয় | আইনি কারণ |
|---|---|---|
| **কোনও প্রযোজ্য আইন, রেগুলেশন, আইনি প্রক্রিয়া বা প্রয়োগযোগ্য সরকারি অনুরোধ পালন করতে।**<br><br>ডেটা প্রসেসিং অ্যাক্টিভিটির উদাহরণ:<br>• অন্যান্য টেকনোলজি এবং কমিউনিকেশন কোম্পানিগুলির মতোই, Google নিয়মিতভাবে ব্যবহারকারীদের ডেটা প্রকাশ করার জন্য সমগ্র বিশ্বের সরকার ও আদালতগুলি থেকে অনুরোধ পায়। এসব আইনি অনুরোধ মেনে চলতে গিয়ে Google-এ আপনার সেভ করা ডেটার গোপনীয়তা এবং নিরাপত্তার প্রতি শ্রদ্ধা রেখে ব্যবস্থা নেওয়া হয়। আমাদের আইনি দল প্রত্যেকটি অনুরোধের ধরন নির্বিশেষে সেটির পর্যালোচনা করে, এবং যখন কোনও অনুরোধ অতিশয় বিস্তৃত বলে মনে হয় অথবা সঠিক প্রক্রিয়া অনুসরণ করে না তখন আমরা প্রায়ই সেগুলি ফেরত পাঠিয়ে দিই।<br>• অর্থনৈতিক রেকর্ড সংরক্ষণের জন্য আইনি দায়বদ্ধতা পূরণ করতে নির্দিষ্ট তথ্য | সাথে সিঙ্ক করা Chrome ব্রাউজিং ইতিহাস, কন্টেন্ট ও বিজ্ঞাপনে আপনার পাওয়া ভিউ ও ইন্টার‍্যাকশন এবং যেসব থার্ড-পার্টি সাইট ও অ্যাপ আমাদের পরিষেবা ব্যবহার করে সেখানে আপনার অ্যাক্টিভিটি। আমার অ্যাক্টিভিটি-তে গিয়ে আপনার Google অ্যাকাউন্টে স্টোর করা অ্যাক্টিভিটি সম্পর্কিত ডেটা পর্যালোচনা ও কন্ট্রোল করতে পারবেন।<br>• লোকেশনের তথ্য যেমন জিপিএস, IP অ্যাড্রেস এবং আপনার ডিভাইস সংলগ্ন বা আশেপাশে উপলভ্য অন্যান্য সেন্সর থেকে প্রাপ্ত ডেটা যা | আমাদের পরিষেবা থেকে কন্টেন্ট সরানোর অনুরোধ সংক্রান্ত তথ্য প্রসেস করা যাতে লোকজনদের শেখানো, রিসার্চের কাজে সাহায্য করা এবং এই ধরনের অনুরোধের স্বচ্ছতা বজায় রাখা যায়।<br>• যখন আপনার বা অন্য কোনও ব্যক্তির **গুরুতর স্বার্থ** রক্ষার জন্য প্রয়োজন। যেমন, অনলাইনে শিশুদের যৌন নির্যাতন শনাক্ত ও এর বিরুদ্ধে লড়াই করতে ডেটা প্রসেস করা।<br>• যখন এই ধরনের কাজ করার জন্য আমাদের **আইনি দায়বদ্ধতা** আছে, যেমন অর্থনৈতিক রেকর্ড সংরক্ষণের জন্য নির্দিষ্ট তথ্য রেখে দেওয়া অথবা ব্যবহারকারীরা পরিষেবা ব্যবহারের জন্য নির্দিষ্ট বয়সে পৌঁছেছেন কিনা তা নিশ্চিত করতে তথ্য প্রসেস করা ও রেখে দেওয়া। |

| কেন এবং কীভাবে ডেটা প্রসেস করা হয় | কোন ডেটা প্রসেস করা হয় | আইনি কারণ |
| --- | --- | --- |
| আমাদের রেখে দিতে হয়, যেমন ট্যাক্স বা অ্যাকাউন্টিংয়ের জন্য আপনি Google-কে যা পেমেন্ট দিয়েছেন সেই সংক্রান্ত তথ্য।<br>• বিভিন্ন আইন ও রেগুলেশন অনুযায়ী আমাদের ব্যবহারকারীরা পরিষেবা ব্যবহারের জন্য নির্দিষ্ট বয়সে পৌঁছেছেন কিনা তা নিশ্চিত করতে আমাদের কিছু ব্যবস্থা নিতে হয়। আপনার বয়স নির্ধারণ করার জন্য আপনার প্রদান করা জন্মতারিখ আমরা প্রসেস করি। এছাড়াও, আপনার বয়স সম্ভবত ১৮ বছর হয়েছে কিনা তা নির্ধারণ করতে আপনি Google অ্যাকাউন্টে সাইন-ইন ও সাইন-আউট করার পরে আমাদের পরিষেবায় আপনার অ্যাক্টিভিটি প্রসেস করি এবং মেশিন লার্নিং টেকনোলজি ব্যবহার করি। নির্দিষ্ট কিছু ক্ষেত্রে আমাদের পরিষেবা ব্যবহারের উপযুক্ত বয়স আপনার হয়েছে কিনা তা কনফার্ম করতে না পারলে বয়স যাচাই করতে আমরা অন্য | আপনার ডিভাইস ও অ্যাকাউন্ট সেটিংসের উপর আংশিকভাবে নির্ভর করে।<br>• সর্বজনীনভাবে অ্যাক্সেস করার মতো সোর্স থেকে পাওয়া তথ্য, যেমন অনলাইনে উপলভ্য তথ্য (যেমন, আপনার নাম যদি কোনও স্থানীয় খবরের কাগজে প্রকাশিত হয়) অথবা অন্যান্য সর্বজনীন সোর্স থেকে পাওয়া তথ্য।<br>• আমাদের বিশ্বস্ত পার্টনারদের থেকে পাওয়া তথ্য, যেমন Google-এর পরিষেবায় দেখানোর জন্য যেসব ডিরেক্টরি পরিষেবা আমাদের ব্যবসা সম্পর্কিত তথ্য সরবরাহ করে অথবা অপব্যবহার আটকানোর জন্য যেসব নিরাপত্তা সংক্রান্ত পার্টনার আমাদের তথ্য প্রদান করে, তাদের থেকে পাওয়া কোনও তথ্য। | |

| কেন এবং কীভাবে ডেটা প্রসেস করা হয় | কোন ডেটা প্রসেস করা হয় | আইনি কারণ |
|---|---|---|
| তথ্য চাইতে পারি, যেমন আপনার সরকারি আইডি, ক্রেডিট কার্ড, ফটো বা ফোন নম্বর। | | |

## আপনার Google পরিষেবা লিঙ্ক করা

আপনি ইউরোপীয় ইউনিয়নের ব্যবহারকারী হলে আপনাকে কিছু Google পরিষেবা লিঙ্ক করে রাখার বিকল্প দেওয়া হয়। লিঙ্ক করা পরিষেবা ও বিকল্প কীভাবে ম্যানেজ করবেন সেই বিষয়ে DMA ও আপনার লিঙ্ক করা পরিষেবা সম্পর্কে নিবন্ধ থেকে জানতে পারবেন।

---

এই নীতি সম্পর্কে

# যখন এই নীতিটি প্রযোজ্য হয়

YouTube, Android এবং বিজ্ঞাপন পরিষেবা ইত্যাদি প্রদান করে এমন থার্ড-পার্টি সাইটের প্রদান করা পরিষেবা সমেত, Google LLC এবং এর অ্যাফিলিয়েটগুলির অফার করা সব পরিষেবার উপর আমাদের গোপনীয়তা নীতি প্রযোজ্য হয়। এই গোপনীয়তা নীতি সেই পরিষেবাগুলির উপর প্রযোজ্য নয় যেগুলির আলাদা গোপনীয়তা নীতি রয়েছে এবং যার মধ্যে এই গোপনীয়তা নীতি অন্তর্ভুক্ত নয়।

এই গোপনীয়তা নীতি এগুলিতে প্রযোজ্য নয়:

- আমাদের পরিষেবাগুলির বিজ্ঞাপন দেয় এমন অন্যান্য কোম্পানি এবং সংস্থার তথ্য সম্পর্কিত পদ্ধতি
- অন্যান্য কোম্পানি বা ব্যক্তি দ্বারা অফার করা পরিষেবা, যার মধ্যে অন্তর্ভুক্ত রয়েছে Google-এর পরিষেবা প্রদান করে এমন প্রোডাক্ট বা সাইট যেখানে নীতিটি প্রযোজ্য, বা

সার্চের ফলাফলে আপনাকে দেখানো, বা আমাদের পরিষেবা থেকে লিঙ্ক করা প্রোডাক্ট বা সাইট

## এই নীতিতে করা পরিবর্তন

আমরা সময়ে সময়ে এই গোপনীয়তা নীতিতে পরিবর্তন করি। আমরা আপনার সুনির্দিষ্ট সম্মতি ছাড়া এই গোপনীয়তা নীতির অধীনে আপনার অধিকার খর্ব করব না। আমরা শেষ পরিবর্তনগুলি প্রকাশের তারিখটি সবসময় দেখাই এবং আর্কাইভ করা সংস্করণে অ্যাক্সেস দিই যাতে আপনি সেগুলি পর্যালোচনা করতে পারেন। যদি পরিবর্তনগুলি উল্লেখযোগ্য হয় তাহলে আমরা আরও বিশিষ্ট নোটিশ প্রদান করি (কিছু নির্দিষ্ট পরিষেবার জন্য, গোপনীয়তা নীতিতে পরিবর্তনের ইমেল বিজ্ঞপ্তি সহ)।

---

সম্পর্কিত গোপনীয়তা পদ্ধতিগুলি

## Google-এর নির্দিষ্ট পরিষেবা

নিম্নলিখিত গোপনীয়তা বিজ্ঞপ্তিগুলি কিছু Google পরিষেবা সম্পর্কে অতিরিক্ত তথ্য প্রদান করে:

- Payments
- Fiber
- Gemini অ্যাপ
- Google Fi
- Google Workspace for Education
- Read Along
- বাচ্চাদের জন্য YouTube
- 13 বছরের কম বয়সী বাচ্চাদের (অথবা আপনার দেশে প্রযোজ্য বয়সসীমা) জন্য Family Link-এর সাহায্যে ম্যানেজ করা Google অ্যাকাউন্ট

- বাচ্চা এবং কিশোর-কিশোরীদের জন্য Family Link-এর গোপনীয়তা সংক্রান্ত নির্দেশিকা
- Google Assistant-এ শিশুদের ফিচার থেকে কণ্ঠস্বর ও অডিও সংগ্রহ

আপনি যদি এমন কোনও সংস্থার সদস্য হন যারা Google Workspace অথবা Google Cloud Platform ব্যবহার করে তাহলে এই পরিষেবাগুলি কীভাবে আপনার ব্যক্তিগত তথ্য সংগ্রহ ও ব্যবহার করে তা Google Cloud গোপনীয়তা বিজ্ঞপ্তি থেকে জানুন।

# অন্যান্য উপযোগী সম্পদগুলি

আমাদের পদ্ধতি এবং গোপনীয়তা সেটিংস সম্পর্কে আরও জানতে নিম্নলিখিত লিঙ্ক থেকে আপনি উপযোগী সম্পদগুলি ঘুরে দেখতে পারেন।

- আপনার Google অ্যাকাউন্টে অনেক সেটিংস থাকে যেগুলি আপনার অ্যাকাউন্ট পরিচালনা করতে আপনি ব্যবহার করতে পারেন
- গোপনীয়তা পরীক্ষা থেকে আপনার Google অ্যাকাউন্টের মুখ্য গোপনীয়তা সেটিংস সম্পর্কে আপনি সাহায্য পেতে পারেন
- আপনার পরিবারের জন্য ডিজিটাল নিয়ম সেট করতে Google-এর নিরাপত্তা আমাদের বিল্ট-ইন নিরাপত্তা, গোপনীয়তার নিয়ন্ত্রণ এবং টুল সম্পর্কে শিখতে আপনার সাহায্য করবে
- Google-এর কিশোরদের জন্য গোপনীয়তা সম্পর্কিত গাইড-এ গোপনীয়তা সম্পর্কিত সবচেয়ে বেশি জিজ্ঞাসিত প্রশ্নের উত্তর পাওয়া যায়
- গোপনীয়তা ও শর্ত থেকে, এই গোপনীয়তা নীতি এবং আমাদের পরিষেবার শর্তাবলী সম্পর্কিত আরও প্রাসঙ্গিক তথ্য পাওয়া যাবে
- টেকনোলজি বিভাগে এগুলি সম্পর্কে আরও তথ্য রয়েছে:
    - Google কীভাবে কুকিজ ব্যবহার করে
    - বিজ্ঞাপনের জন্য ব্যবহৃত প্রযুক্তি
    - আমাদের পরিষেবা ব্যবহার করে এমন সাইট বা অ্যাপ থেকে Google কীভাবে তথ্য ব্যবহার করে

# মুখ্য পদ

## অ-ব্যক্তিগতভাবে শনাক্তযোগ্য তথ্য

এটি হল ব্যবহারকারী সম্বন্ধে এমনভাবে রেকর্ড করা তথ্য যাতে এটি থেকে কোনও ব্যক্তিগতভাবে শনাক্তযোগ্য ব্যবহারকারীকে শনাক্ত করা বা উল্লেখ পাওয়া যায় না।

## অধিভুক্ত

অ্যাফিলিয়েট হল এমন একটি একক যা Google-এর কোম্পানি গ্রুপের আয়ত্তাধীন, এবং এর মধ্যে নিম্নলিখিত কোম্পানি রয়েছে যেগুলি ইউরোপীয় ইউনিয়নে পরিষেবা প্রদান করে: Google Ireland Limited, Google Commerce Ltd, Google Payment Corp এবং Google Dialer Inc. ইত্যাদি। ইউরোপীয় ইউনিয়নে ব্যবসায়িক পরিষেবাকারী কোম্পানিগুলি সম্পর্কে আরও জানুন।

## অ্যাপ্লিকেশান ডেটা ক্যাসে

একটি অ্যাপ্লিকেশান ডেটার ক্যাসে হল একটি ডিভাইসে থাকা একটি ডেটার ভান্ডার। এটি হতে পারে, উদাহরণস্বরূপ, কোনো ইন্টারনেট সংযোগ ছাড়াই চালানোর জন্য একটি ওয়েব অ্যাপ্লিকেশান সক্ষম করতে এবং সামগ্রী দ্রুত লোড করা সক্ষম করার দ্বারা অ্যাপ্লিকেশানটির কর্মক্ষমতা উন্নত করতে পারেন।

## অ্যালগরিদম

কোনও কম্পিউটার সমস্যা সমাধানের কাজ করার সময় যে প্রক্রিয়া বা নিয়মাবলী অনুসরণ করে।

## কুকিজ

আপনি যখন কোনও ওয়েবসাইট ঘুরে দেখেন তখন সার্ভার আপনার কম্পিউটারে একটি ছোট ফাইল সেভ করে যার মধ্যে অনেকগুলি স্ট্রিং থাকে, এটিই হল কুকি। আপনি যখন ওয়েবসাইটটি আবার ঘুরে দেখেন তখন সাইটটি কুকি দিয়ে আপনার ব্রাউজারকে শনাক্ত করতে পারে। কুকিতে ব্যবহারকারীদের অভিরুচি এবং অন্যান্য তথ্য সেভ করে রাখা যেতে পারে। আপনি নিজের ব্রাউজারকে কনফিগার করতে পারেন যাতে আপনার কম্পিউটারে কোনও কুকিজ সেভ করা না হয় বা কুকিজ পাঠানো হলে আপনাকে জানিয়ে দেওয়া হয়। তবে, ওয়েবসাইটের কিছু বৈশিষ্ট্য বা পরিষেবা কুকি ছাড়া যথাযথভাবে কাজ নাও করতে পারে। আপনি যখন আমাদের পার্টনারদের সাইট বা অ্যাপ ব্যবহার করেন তখন Google কীভাবে কুকিজ ব্যবহার করে এবং Google কুকিজ সমেত, কীভাবে ডেটা ব্যবহার করে সেই বিষয়ে আরও জানুন।

## ডিভাইস

ডিভাইস হল একটি কম্পিউটার যেটি সব Google পরিষেবাতে ব্যবহার করা যেতে পারে। যেমন, ডেস্কটপ কম্পিউটার, ট্যাবলেট, স্মার্ট স্পিকার এবং স্মার্টফোন ইত্যাদি সবগুলিকে ডিভাইস হিসেবে বিবেচনা করা হয়।

## পিক্সেল ট্যাগ

পিক্সেল ট্যাগ হল এক প্রকারের প্রযুক্তি যা কোনও নির্দিষ্ট অ্যাক্টিভিটি ট্র্যাক করার জন্য কোনও ওয়েবসাইটে অথবা কোনও ইমেলের মূল অংশে রাখা থাকে, যেমন যখন কোনও ওয়েবসাইট দেখা হয় বা যখন কোনও ইমেল খোলা হয়। পিক্সেল ট্যাগকে প্রায়ই কুকির সাথে ব্যবহার করা হয়।

## বিশিষ্ট শনাক্তকারী

বিশিষ্ট শনাক্তকারী হল কয়েকটি অক্ষর দিয়ে তৈরি একটি স্ট্রিং যেটিকে কোনও ব্রাউজার, অ্যাপ বা ডিভাইসকে নির্দিষ্টভাবে শনাক্ত করার জন্য ব্যবহার করা হয়। ডিভাইসের শনাক্তকারীগুলি কতদিন স্থায়ী হবে, ব্যবহারকারীরা সেগুলিকে রিসেট করতে পারবেন কিনা এবং কিভাবে সেগুলিকে অ্যাক্সেস করা হবে, এগুলির উপর ভিত্তি করে এটি বিভিন্ন রকমের হয়।

অনন্য শনাক্তকারীগুলি, সুরক্ষা এবং জালিয়াতি শনাক্তকরণ, আপনার ইমেলের ইনবক্স ইত্যাদির মতো পরিষেবাগুলি সিঙ্ক করা, আপনার অভিরুচিগুলি মনে রাখা এবং আপনার নিজের মতো সাজিয়ে নেওয়া বিজ্ঞাপন দেখানো সমেত বিভিন্ন উদ্দেশ্যে ব্যবহার করা হতে পারে। যেমন, কুকিগুলিতে সেভ করা বিশিষ্ট শনাক্তকারী, আপনার ব্রাউজারে সাইটগুলিকে আপনার পছন্দের ভাষায় কন্টেন্ট দেখাতে সাহায্য করে। আপনি নিজের ব্রাউজারকে কনফিগার করতে পারেন

যাতে আপনার কম্পিউটারে কোনও কুকিজ সেভ করা না হয় বা কুকিজ পাঠানো হলে আপনাকে জানিয়ে দেওয়া হয়। Google কীভাবে কুকিজ ব্যবহার করে সম্পর্কে আরও জানুন।

ব্রাউজারগুলি ছাড়াও অন্যান্য প্ল্যাটফর্মে, কোনও ডিভাইস বা সেই ডিভাইসে থাকা কোনও অ্যাপকে শনাক্ত করতে বিশিষ্ট শনাক্তকারী ব্যবহার করা হয়। যেমন, Android ডিভাইসে প্রাসঙ্গিক বিজ্ঞাপন দেখাতে বিজ্ঞাপন আইডির মতো একটি বিশিষ্ট শনাক্তকারী ব্যবহার করা যেতে পারে এবং সেটি আপনার ডিভাইসের সেটিংসে পরিচালনা করা যেতে পারে। কোনও ডিভাইস প্রস্তুতকারক একটি ডিভাইসের সাথে বিশিষ্ট শনাক্তকারী (অনেক সময় সেটিকে ইউনিভার্সালি ইউনিক আইডি বা UUID বলা হয়ে থাকে) অন্তর্ভুক্ত করতে পারে, যেমন মোবাইল ফোনের IMEI নম্বর। যেমন, আপনার ডিভাইসে আমাদের পরিষেবা কাস্টমাইজ করতে বা আমাদের পরিষেবার সম্পর্কে ডিভাইসে হওয়া সমস্যাগুলি বিশ্লেষণ করতে একটি ডিভাইসের বিশিষ্ট শনাক্তকারী ব্যবহার করা যেতে পারে।

## ব্যক্তিগত তথ্য

আপনাকে ব্যক্তিগতভাবে শনাক্ত করে এমন তথ্য আপনি আমাদের দিয়েছেন, যেমন আপনার নাম, ইমেল আইডি বা বিলিং তথ্য বা অন্যান্য ডেটা যা Google যুক্তিসঙ্গতভাবে এই ধরনের তথ্যের সাথে লিঙ্ক করতে পারে, যেমন, আমরা আপনার Google অ্যাকাউন্টের সাথে সংযুক্ত করি এমন তথ্য।

## ব্রাউজারের ওয়েব সঞ্চয়স্থান

ব্রাউজার ওয়েব স্টোরেজ ওয়েবসাইটগুলিকে কোনও ডিভাইসে একটি ব্রাউজারের মধ্যে ডেটা মজুত রাখতে দেয়। যখন "স্থানীয় স্টোরেজ" মোডে ব্যবহার করা হয়, তখন এটি সব সেশন জুড়ে ডেটা মজুত করার সুবিধা সক্ষম করে। এর ফলে, ব্রাউজারটি বন্ধ করে আবার খোলার পরেও ডেটা ফেরত পাওয়া যেতে পারে। HTML 5 হল একটি প্রযুক্তি যা ওয়েব স্টোরেজের সুবিধা দেয়।

## রেফারার ইউআরএল

একটি রেফারার ইউআরএল (ইউনিফর্ম রিসোর্স লোকেটর) হল কোনও ওয়েব ব্রাউজারের মাধ্যমে একটি গন্তব্য ওয়েবপৃষ্ঠাতে পাঠানো তথ্য, বিশেষ করে যখন আপনি সেই পৃষ্ঠার লিঙ্কে ক্লিক করেন। ব্রাউজারের মাধ্যমে ঘুরে দেখা শেষ ওয়েবপৃষ্ঠার ইউআরএলটি রেফারার ইউআরএল-এ সেভ করা থাকে।

## সংবেদনশীল ব্যক্তিগত তথ্য

চিকিৎসা সংক্রান্ত গোপনীয় তথ্য, জাতিগত অথবা নৃতাত্ত্বিক উৎস, রাজনৈতিক বা ধর্মীয় বিশ্বাস অথবা যৌনতার মতো ব্যক্তিগত তথ্যের জন্য এটি একটি নির্দিষ্ট বিভাগ।

## সার্ভার লগ

বেশীরভাগ ওয়েবসাইটের মত, যখন আপনি আমাদের সাইটে যান আমাদের সার্ভার স্বয়ংক্রিয়ভাবে পৃষ্ঠার অনুরোধ তৈরি করা রেকর্ড করে। এই "সার্ভার লগ" আপনার ওয়েব অনুরোধ, ইন্টারনেট প্রটোকল ঠিকানা, ব্রাউজারের প্রকার, ব্রাউজারের ভাষা, আপনার অনুরোধের ভাষা এবং সময় এবং আপনার ব্রাউজারকে স্বতন্ত্রভাবে শনাক্ত করতে পারে এক অথবা একাধিক কুকিজকে বৈশিষ্টসূচকভাবে অন্তর্ভুক্ত করে।

"মোটরকার" খোঁজা সম্পর্কে একটি সাধারণ লগ এন্ট্রি এইরকম দেখতে হয়:

```
123.45.67.89 - 25/Mar/2003 10:15:32 -
http://www.google.com/search?q=cars -
Chrome 112; OS X 10.15.7 -
740674ce2123e969
```

- `123.45.67.89` এটি হল ব্যবহারকারীর আইএসপি দ্বারা ব্যবহারকারীর জন্য ধার্য করা ইন্টারনেট প্রোটোকল অ্যাড্রেস। ব্যবহারকারীর পরিষেবার উপর নির্ভর করে, ব্যবহারকারী যখন প্রতি বার ইন্টারনেটে কানেক্ট করবেন তখন পরিষেবা প্রদানকারী ব্যবহারকারীর জন্য প্রত্যেকবার একটি আলাদা অ্যাড্রেস নির্দিষ্ট করতে পারে।

- `25/Mar/2003 10:15:32` এটি হল কোয়েরির তারিখ এবং সময়।

- `http://www.google.com/search?q=cars` এটি হল অনুরোধ করা ইউআরএল, সার্চ কোয়েরি সহ।

- `Chrome 112; OS X 10.15.7` এটি হল ব্যবহার করা ব্রাউজার এবং অপারেটিং সিস্টেম।

- `740674ce2123a969` এটি হল এই নির্দিষ্ট কম্পিউটারে প্রথমবার Google ঘুরে দেখার সময় সেটিকে ধার্য করা একটি বিশিষ্ট কুকি আইডি। (ব্যবহারকারী কুকিজ মুছে ফেলতে পারেন। ব্যবহারকারী শেষ বার Google ঘুরে দেখার পর যদি কম্পিউটার থেকে কোনও কুকি মুছে দেন তাহলে পরের বার তিনি সেই নির্দিষ্ট কম্পিউটারে আবার Google ঘুরে দেখলে তার ডিভাইসে অন্য একটি কুকি ধার্য করা হবে)।

## Google অ্যাকাউন্ট

আপনি কোনও Google অ্যাকাউন্ট-এর জন্য সাইন-আপ করে এবং আমাদের কিছু ব্যক্তিগত তথ্য (বিশেষভাবে আপনার নাম, ইমেল আইডি এবং একটি পাসওয়ার্ড) প্রদান করে, আমাদের কিছু পরিষেবা অ্যাক্সেস করতে পারেন। আপনি যখন Google পরিষেবা অ্যাক্সেস করেন তখন আপনাকে শনাক্ত করতে অ্যাকাউন্টের এই তথ্য ব্যবহার করা হয়, যাতে অন্যরা অনধিকার অ্যাক্সেস করতে না পারে। আপনি যেকোনও সময়ে Google অ্যাকাউন্ট সেটিংস থেকে আপনার অ্যাকাউন্ট এডিট করতে বা মুছে ফেলতে পারেন।

### IP ঠিকানা

ইন্টারনেটের সাথে সংযুক্ত প্রতিটি ডিভাইস ইন্টারনেট প্রটোকল (IP) ঠিকানা নামে পরিচিত একটি নম্বরের দ্বারা নির্ধারিত হয়। এই নম্বরগুলি সাধারণত ভৌগোলিক ব্লকগুলির মাধ্যমে নির্ধারিত হয়। একটি IP ঠিকানা প্রায়শই, কোন জায়গা থেকে একটি ডিভাইস ইন্টারনেটের সাথে সংযুক্ত করছে তা নির্ধারণ করতে ব্যবহার করা হয়। আমরা কীভাবে লোকেশন সম্পর্কিত তথ্য ব্যবহার করি সেই সম্পর্কে আরও জানুন।

## অতিরিক্ত তথ্য

### অনলাইনে যারা আপনার কাছে সবচেয়ে বেশি গুরুত্বপূর্ণ

যেমন, আপনি যখন কোনও ইমেল লেখার সময় To, Cc বা Bcc ফিল্ডে কোনও ঠিকানা লেখেন, আপনি যাদের সাথে সবচেয়ে বেশি যোগাযোগ করেন, Gmail তাদের ভিত্তিতে ঠিকানার সাজেশন দেবে।

### অন্যান্য সাইট বা অ্যাপে আপনার অ্যাক্টিভিটি

এই অ্যাক্টিভিটি আপনার Google পরিষেবার ব্যবহার করা থেকে আসতে পারে; যেমন, আপনার অ্যাকাউন্টকে Chrome-এর সাথে সিঙ্ক করা বা Google-এর সাথে পার্টনার হয়েছে এমন সাইট এবং অ্যাপ ঘুরে দেখা। অনেক ওয়েবসাইট এবং অ্যাপ তাদের কন্টেন্ট এবং পরিষেবা উন্নত করার জন্য Google-এর সাথে পার্টনার হয়। যেমন, কোনও ওয়েবসাইট আমাদের বিজ্ঞাপন পরিষেবা (যেমন AdSense) বা বিশ্লেষণের সরঞ্জাম (যেমন Google অ্যানালিটিক্স) ব্যবহার করতে পারে অথবা অন্যান্য কন্টেন্ট (যেমন YouTube-এর ভিডিও) এম্বেড করতে পারে। এই পরিষেবাগুলি আপনার অ্যাক্টিভিটির তথ্য Google-এর সাথে শেয়ার করতে পারে এবং আপনার অ্যাকাউন্ট সেটিংস ও ব্যবহার করা প্রোডাক্টের ভিত্তিতে (যেমন, যখন কোনও পার্টনার আমাদের বিজ্ঞাপন পরিষেবাগুলির সাথে Google অ্যানালিটিক্স ব্যবহার করে) এই তথ্য আপনার ব্যক্তিগত তথ্যের সাথে যুক্ত হতে পারে।

যখন আপনি আমাদের অংশীদারদের সাইট বা অ্যাপ ব্যবহার করেন তখন Google কীভাবে সে ডেটা ব্যবহার করে সেই সম্পর্কে আরও জানুন

## অপব্যবহার শনাক্তকরণ

আমাদের সিস্টেমে স্প্যাম, ম্যালওয়্যার, বেআইনি কন্টেন্ট (শিশুদের যৌন নির্যাতন ও শোষণ সংক্রান্ত কন্টেন্ট সহ) এবং আমাদের নীতি লঙ্ঘন করে এমন অন্যান্য ধরনের অপব্যবহার শনাক্ত করলে আমরা আপনার অ্যাকাউন্ট বন্ধ করে দিতে পারি অথবা অন্য উপযুক্ত ব্যবস্থা নিতে পারি। এছাড়াও, বিশেষ পরিস্থিতিতে আমরা উপযুক্ত কর্তৃপক্ষের কাছে লঙ্ঘনের ব্যাপারে অভিযোগ জানাতে পারি।

## অপব্যবহারের বিরুদ্ধে সুরক্ষা

যেমন, যদি আমাদের মনে হয় যে আপনার অ্যাকাউন্টের গোপন তথ্য চুরি হয়েছে (এই ধাপে আমরা আপনার অ্যাকাউন্টের সুরক্ষার জন্য ব্যবস্থা নিতে আপনাকে সাহায্য করতে পারব) তাহলে আমরা সুরক্ষা সম্পর্কিত ঝুঁকির বিষয়ে তথ্যের সাহায্যে আপনাকে তা জানিয়ে দিতে পারব।

## আইনি প্রক্রিয়া বা প্রয়োগযোগ্য সরকারি অনুরোধ

অন্যান্য টেকনোলজি এবং কমিউনিকেশন কোম্পানিগুলির মতোই, Google নিয়মিতভাবে ব্যবহারকারীদের ডেটা প্রকাশ করার জন্য সমগ্র বিশ্বের সরকার ও আদালতগুলি থেকে অনুরোধ পায়। এসব আইনি অনুরোধ মেনে চলতে গিয়ে Google-এ আপনার সেভ করা ডেটার গোপনীয়তা এবং নিরাপত্তার প্রতি শ্রদ্ধা রেখে ব্যবস্থা নেওয়া হয়। আমাদের আইনি দল প্রত্যেকটি অনুরোধের ধরন নির্বিশেষে সেটির পর্যালোচনা করে, এবং যখন কোনও অনুরোধ অতিশয় বিস্তৃত বলে মনে হয় অথবা সঠিক প্রক্রিয়া অনুসরণ করে না তখন আমরা প্রায়ই সেগুলি ফেরত পাঠিয়ে দিই। আমাদের ট্রান্সপারেন্সি রিপোর্ট সম্পর্কে আরও জানুন।

## আপনার ডিভাইসের আশেপাশে থাকা জিনিসগুলির বিষয়ে তথ্য

যদি আপনি Android-এ Google-এর লোকেশন ভিত্তিক পরিষেবা ব্যবহার করেন তাহলে আমরা সেই সব অ্যাপের পারফরম্যান্স উন্নত করতে পারি যেগুলি আপনার লোকেশনের উপর নির্ভর করে, যেমন Google ম্যাপ। যদি আপনি Google-এর লোকেশন ভিত্তিক পরিষেবা ব্যবহার করেন তাহলে আপনার ডিভাইস তার লোকেশন, সেন্সর (যেমন, অ্যাকসিলরোমিটার), আশেপাশের মোবাইল টাওয়ার এবং ওয়াই-ফাই অ্যাক্সেস পয়েন্ট (যেমন, ম্যাক অ্যাড্রেস এবং সিগনালের

জোর) ইত্যাদির বিষয়ে Google কে তথ্য পাঠায়। এই সব জিনিস আপনার লোকেশন নির্ধারণ করতে সাহায্য করে। আপনি ডিভাইসের সেটিংস ব্যবহার করে Google-এর লোকেশন ভিত্তিক পরিষেবা চালু করতে পারেন। আরও জানুন

## আপনার ডিভাইসের সেন্সর ডেটা

আপনার ডিভাইসে এমন সেন্সর থাকতে পারে যেগুলি আপনার লোকেশন ও গতিবিধি আরও ভালোভাবে বোঝার জন্য ব্যবহার করা হতে পারে। যেমন, আপনার গতি নির্ধারণ করতে একটি অ্যাকসিলরোমিটার বা কোন দিকে যাচ্ছেন তা অনুমান করতে জাইরোস্কোপ ব্যবহার করা হতে পারে। আমরা কীভাবে লোকেশন সম্পর্কিত তথ্য ব্যবহার করি সেই সম্পর্কে আরও জানুন।

## আপনার তথ্য প্রসেস করার ব্যাপারে দায়বদ্ধ ডেটা কন্ট্রোলার

অর্থাৎ, গোপনীয়তা আইন মেনে চলা এবং আপনার তথ্য প্রসেস করার ব্যাপারে যে Google অ্যাফিলিয়েট দায়বদ্ধ।

## আপনার Google অ্যাকাউন্টের সাথে সিঙ্ক করা

আপনার Google অ্যাকাউন্টের সাথে আপনি Chrome সিঙ্ক্রোনাইজেশন চালু করে থাকলে তবেই Chrome-এ আপনার ব্রাউজিংয়ের ইতিহাস সেভ করা হয়। আরও জানুন

## আপনি যে বিজ্ঞাপনগুলিকে সবচেয়ে উপযোগী বলে মনে করবেন

যেমন, আপনি যদি YouTube-এ বেকিং সম্পর্কিত কোনও ভিডিও দেখেন তাহলে আপনি ওয়েব ব্রাউজ করার সময় হয়ত বেকিং সম্পর্কিত আরও বিজ্ঞাপন দেখতে পাবেন। আপনার আনুমানিক লোকেশন নির্ধারণ করতে আমরা আপনার বর্তমান আইপি ঠিকানাও ব্যবহার করতে পারি যাতে, আপনি যদি "পিৎজা" খুঁজে থাকেন তাহলে আমরা আপনাকে আশেপাশের পিৎজা ডেলিভারি পরিষেবাগুলির বিজ্ঞাপন দেখাতে পারি। Google-এর বিজ্ঞাপন সম্পর্কে এবং আপনাকে কেন নির্দিষ্ট বিজ্ঞাপন দেখানো হয়, তার বিষয়ে আরও জানুন।

## আমাদের পরিষেবা ব্যবহার করে এমন থার্ড-পার্টি সাইট ও অ্যাপে অ্যাক্টিভিটি

বিজ্ঞাপন ও অ্যানালিটিক্সের মতো Google পরিষেবা ইন্টিগ্রেট করে এমন ওয়েবসাইট ও অ্যাপ আমাদের সাথে তথ্য শেয়ার করে।

আপনি কোন ব্রাউজার বা ব্রাউজার মোড ব্যবহার করছেন সেটির উপর নির্ভর না করেই এই তথ্য সংগ্রহ করা হয়। যেমন, Chrome ছদ্মবেশী মোড আপনার ডিভাইসের অন্য ব্যবহারকারীদের থেকে আপনার ব্রাউজিং গোপন রাখলেও আপনি আমাদের পরিষেবা ইন্টিগ্রেট করে এমন থার্ড-পার্টি সাইট অ্যাপ ব্যবহার করলে Google-এর সাথে তথ্য শেয়ার করা হতে পারে।

Google পরিষেবা ব্যবহার করে এমন সাইট ও অ্যাপ দেখা বা সেগুলির সাথে ইন্টারঅ্যাক্ট করার সময় কোন তথ্য শেয়ার করা হবে তা নিয়ন্ত্রণ করার কিছু পদ্ধতি সম্পর্কে আপনি আরও জানতে পারেন।

## আমাদের পরিষেবাগুলি কাস্টমাইজ করা

যেমন, আপনার দেশের নির্দিষ্ট কোনও ইভেন্ট উদযাপন করে তুলতে আমরা সার্চের প্রথম পাতায় একটি Google ডুডল দেখাতে পারি।

## আমাদের পরিষেবাগুলি পৌঁছে দেওয়া

আমাদের পরিষেবা প্রদান করার জন্য আমরা আপনার তথ্য যেভাবে ব্যবহার করি সেগুলি হল:

- আপনার অনুরোধ করা ডেটা পাঠানোর জন্য আমরা আপনার ডিভাইসকে দেওয়া নির্দিষ্ট আইপি অ্যাড্রেসটি ব্যবহার করি; যেমন, একটি YouTube ভিডিও লোড করা
- আপনার Google অ্যাকাউন্টে অ্যাক্সেস থাকা ব্যক্তি হিসাবে আপনাকে প্রমাণিত করতে আমাদের সাহায্য করার জন্য আমরা আপনার ডিভাইসে কুকিজ-এ সেভ করা বিশিষ্ট শনাক্তকারী ব্যবহার করি
- Google ফটোতে আপনার আপলোড করা ফটো এবং ভিডিওর সাহায্যে শেয়ার করার উপযোগী অ্যালবাম, কোলাজ এবং অন্যান্য ক্রিয়েশন তৈরি করতে পারবেন। আরও জানুন
- আপনি পেয়ে থাকা ফ্লাইট নিশ্চিতকরণ ইমেলটি দিয়ে "চেক-ইন" বোতামটি তৈরি করা যেতে পারে যা আপনার Gmail-এ দেখানো হয়
- আপনি আমাদের থেকে পরিষেবা অথবা প্রোডাক্ট কেনার সময় আমাদের শিপিংয়ের ঠিকানা অথবা পৌঁছে দেওয়ার নির্দেশাবলীর মতো তথ্য প্রদান করতে পারেন। আমরা এই তথ্য আপনার অর্ডার প্রসেস করতে, সম্পূর্ণ করতে এবং আপনাকে প্রোডাক্ট বা পরিষেবা

পৌঁছে দিতে এবং আপনি যে প্রোডাক্ট বা পরিষেবা কেনেন সে সম্পর্কে সাহায্য করতে ব্যবহার করি।

## আমাদের বিভিন্ন পরিষেবা জুড়ে সংগ্রহ করা তথ্য ব্যবহার করা

উপলভ্য সেটিংসের উপর নির্ভর করে আমাদের বিভিন্ন পরিষেবা জুড়ে সংগ্রহ করা তথ্য কীভাবে ব্যবহার করা হয় তার কিছু উদাহরণ নিচে দেওয়া হল:

- যখন আপনি নিজের Google অ্যাকাউন্টে সাইন-ইন করেন এবং Google-এ খোঁজেন তখন আপনি Gmail বা Google ক্যালেন্ডারের মত অন্যান্য Google প্রোডাক্টগুলিতে থাকা কন্টেন্ট থেকে প্রাসঙ্গিক তথ্য সহ সর্বজনীন ওয়েব থেকে খোঁজার ফলাফল দেখতে পারেন। এতে আপনার আসন্ন ফ্লাইট, রেস্টুরেন্ট এবং হোটেল রিজার্ভেশনের স্ট্যাটাস বা আপনার ফটো ইত্যাদি থাকতে পারে। আরও জানুন

- আপনি যদি Gmail-এর মাধ্যমে কারও সাথে যোগাযোগ করেন এবং তাকে Google দস্তাবেজে বা Google ক্যালেন্ডারে কোনও ইভেন্টে যোগ করতে চান তাহলে আপনি তার নামটি লেখা শুরু করার সময় Google তার ইমেল ঠিকানাটি নিজে থেকে ভরে দেওয়ার মাধ্যমে এই কাজটি সহজ করে তোলে। এই বৈশিষ্ট্যটি আপনার পরিচিতদের সাথে আপনার জিনিসগুলি শেয়ার করা সহজ করে তোলে। আরও জানুন

- আপনার সেটিংসের উপর নির্ভর করে আপনাকে পছন্দমতো কন্টেন্ট দেখানোর জন্য Google অ্যাপ অন্য Google পরিষেবায় আপনার সেভ করা ডেটা ব্যবহার করতে পারে। যেমন আপনার ওয়েব ও অ্যাপ অ্যাক্টিভিটিতে সার্চ সেভ করা থাকলে, আপনার অ্যাক্টিভিটির উপর নির্ভর করে Google অ্যাপ আপনাকে খবরের নিবন্ধ এবং খেলার স্কোরের মতো আপনার আগ্রহ সংক্রান্ত অন্যান্য তথ্য দেখাতে পারে।

- আপনি Google অ্যাকাউন্টের সাথে Google Home কানেক্ট করলে নিজের তথ্য ম্যানেজ করতে এবং Google Assistant-এর মাধ্যমে বিভিন্ন কাজ করতে পারবেন। যেমন, আপনি Google Calendar-এ ইভেন্ট যোগ করতে বা দিনের শিডিউল জানতে পারবেন, আসন্ন ফ্লাইটের স্ট্যাটাস জিজ্ঞেস করতে পারবেন বা ফোনে ড্রাইভিংয়ের জন্য দিকনির্দেশ পাঠাতে পারবেন। আরও জানুন

- আপনি ইউরোপীয় ইউনিয়নের ব্যবহারকারী হলে পরিষেবা লিঙ্ক করার ব্যাপারে আপনার সিদ্ধান্ত নির্দিষ্ট কিছু Google পরিষেবা কীভাবে আমাদের বিভিন্ন পরিষেবা জুড়ে ডেটা ব্যবহার করবে সেই বিষয়ের উপর প্রভাব ফেলবে।

## আমাদের ব্যবহারকারী

যেমন, আমাদের অনলাইন কন্টেন্ট মডারেশন পদ্ধতি সম্পর্কে স্বচ্ছতা এবং দায়বদ্ধতা আরও বৃদ্ধি করতে, সেইসাথে অপব্যবহার রোধ করার জন্য, Google তার বিভিন্ন পরিষেবা থেকে কন্টেন্ট সরানোর অনুরোধ সংক্রান্ত ডেটা Lumen-এর সাথে শেয়ার করে। গবেষণায় সহায়তা করার জন্য এইসব অনুরোধ সংগ্রহ করা এবং বিশ্লেষণ করা হয়। ইন্টারনেট ব্যবহারকারীদের তাদের অধিকার সম্পর্কে সচেতন করতে এই গবেষণা করা হয়। আরও জানুন।

## উন্নত করা

যেমন, ব্যবহারকারীরা আমাদের পরিষেবাগুলির সাথে কীভাবে ইন্টারঅ্যাক্ট করেন তা বিশ্লেষণ করতে আমরা কুকিজ ব্যবহার করি। এবং সেই বিশ্লেষণ আমাদের আরও ভাল প্রোডাক্ট তৈরি করতে সাহায্য করতে পারে। যেমন, কোনও নির্দিষ্ট কাজ সম্পন্ন করতে ব্যবহারকারীদের অনেক বেশি সময় লাগছে বা সব ধাপ সম্পন্ন করতে তাদের সমস্যা হচ্ছে কিনা জানতে এটি আমাদেরকে সাহায্য করতে পারে। আমরা তারপর সেই বৈশিষ্ট্যকে নতুনভাবে ডিজাইন করতে এবং প্রোডাক্টটি সবার জন্য উন্নত করতে পারি।

## এখন যা জনপ্রিয় সেগুলি দেখানো

যখন অনেক বেশি লোক নির্দিষ্ট কিছু খুঁজতে শুরু করেন, এটি তখন সেই সময়ের জনপ্রিয় বিষয় সম্পর্কে প্রয়োজনীয় তথ্য প্রদান করতে পারে। Google Trends কোনও নির্দিষ্ট সময়ের মধ্যে কোনও বিষয় খোঁজার জনপ্রিয়তা অনুমান করতে Google-এ করা ওয়েব সার্চের নমুনা নেয় এবং সেই ফলাফলকে সঙ্কলিত শব্দাবলী হিসেবে সর্বজনীনভাবে প্রকাশ করে। আরও জানুন

## কল করা ও কল নেওয়ার জন্য বা মেসেজ পাঠানো ও পাওয়ার জন্য ব্যবহার করা পরিষেবা

এই পরিষেবাগুলির কয়েকটি উদাহরণ হল:

- Google Voice, কল করতে ও রিসিভ করতে, টেক্সট মেসেজ পাঠাতে ও ভয়েসমেল ম্যানেজ করতে
- Google Meet, ভিডিও কল করতে ও রিসিভ করতে
- Gmail, ইমেল পাঠাতে ও পেতে
- Google Chat, মেসেজ পাঠাতে ও পেতে

- Google Duo, ভিডিও কল করতে ও রিসিভ করতে এবং মেসেজ পাঠাতে ও পেতে
- ফোন প্ল্যানের জন্য Google Fi

## কাস্টমাইজ করা সার্চ ফলাফল

যেমন, আপনি যখন আপনার Google অ্যাকাউন্টে সাইন-ইন করেন এবং ওয়েব ও অ্যাপ অ্যাক্টিভিটি নিয়ন্ত্রণ চালু থাকে, তাহলে আপনার পূর্ববর্তী সার্চ এবং অন্যান্য Google পরিষেবাগুলিতে করা অ্যাক্টিভিটির উপর ভিত্তি করে আপনি আরও প্রাসঙ্গিক সার্চ ফলাফল পেতে পারেন। আপনি এখান থেকে আরও জানতে পারবেন। আপনি সাইন-আউট হয়ে গেলেও আপনি কাস্টমাইজ করা সার্চ ফলাফল পেতে পারেন। যদি আপনি সার্চের এই স্তরের কাস্টমাইজেশন না চান তাহলে আপনি গোপনভাবে সার্চ এবং ব্রাউজ করতে পারেন অথবা সাইন-আউট করেও নিজের মতো করে সাজানো খোঁজার সুবিধা বন্ধ করতে পারেন।

## ডিভাইস

যেমন, কোনও অ্যাপ ইনস্টল করতে বা Google Play থেকে কিনে থাকা কোনও সিনেমা দেখতে আপনি কোন ডিভাইসটি ব্যবহার করতে চান তা বেছে নেওয়ায় আপনাকে সাহায্য করতে আমরা আপনার ডিভাইসের তথ্য ব্যবহার করতে পারি। আপনার অ্যাকাউন্টের সুরক্ষার জন্যও আমরা এই তথ্য ব্যবহার করতে পারি।

## তথ্য লিঙ্ক করা হতে পারে

Google অ্যানালিটিক্স ফার্স্ট-পার্টি কুকিজ-এর উপর নির্ভর করে, যার অর্থ কুকিজ Google অ্যানালিটিক্স গ্রাহক দ্বারা সেট করা হয়। আমাদের সিস্টেম ব্যবহার করে, Google অ্যানালিটিক্স এর মাধ্যমে সৃষ্টি হওয়া ডেটাকে Google অ্যানালিটিক্স গ্রাহক এবং Google দ্বারা, অন্যান্য ওয়েবসাইটে ঘুরে দেখা সম্পর্কিত থার্ড-পার্টি কুকিজের সাথে লিঙ্ক করা যেতে পারে। যেমন, আরও প্রাসঙ্গিক বিজ্ঞাপন তৈরি করতে বা তার ট্রাফিক বিশ্লেষণের জন্য একজন বিজ্ঞাপনদাতা তার Google অ্যানালিটিক্স ডেটা ব্যবহার করতে চাইতে পারেন। আরও জানুন

## তাদের পক্ষে করা বিজ্ঞাপন ও গবেষণামূলক পরিষেবা

যেমন, ব্যবসায়ীরা লয়ালটি কার্ড প্রোগ্রাম থেকে ডেটা আপলোড করতে পারে যাতে তারা সার্চ ও শপিং ফলাফলে লয়ালটি সংক্রান্ত তথ্য যোগ করতে পারে অথবা তাদের বিজ্ঞাপন ক্যাম্পেন

সম্পর্কে আরও ভালোভাবে বুঝতে পারে। আমরা বিজ্ঞাপনদাতাদের কাছে শুধুমাত্র এমন সমষ্টিগত রিপোর্ট প্রদান করি যা থেকে কোনও স্বতন্ত্র ব্যক্তির সম্পর্কে তথ্য প্রকট হয় না।

## থার্ড পার্টি বা তৃতীয় পক্ষ

যেমন, স্বত্তাধিকারীদের কন্টেন্ট আমাদের পরিষেবাগুলিতে কীভাবে ব্যবহার করা হয়েছে তার বিষয়ে "ব্যবহারের পরিসংখ্যান" রিপোর্ট করার জন্য আমরা আপনার তথ্যকে প্রক্রিয়া করি। যদি অন্যরা আপনার নাম খোঁজেন এবং ফলাফলে আমরা সেই ওয়েবসাইটগুলি দেখাই যেখানে আপনার সম্পর্কে সর্বজনীনভাবে উপলভ্য তথ্য রয়েছে তাহলেও আমরা আপনার তথ্য প্রক্রিয়া করতে পারি।

## নিজের মতো করে সাজানো বিজ্ঞাপন

বিজ্ঞাপনদাতা থেকে পাওয়া তথ্যের ভিত্তিতে আপনাকে নিজের মতো করে সাজানো বিজ্ঞাপনও দেখানো যেতে পারে। ধরুন আপনি যদি কোনও বিজ্ঞাপনদাতার ওয়েবসাইটে কেনাকাটা করেন তাহলে আপনাকে আরও বিজ্ঞাপন দেখানোর জন্য তারা সেই ঘুরে দেখা সংক্রান্ত তথ্য ব্যবহার করতে পারে। আরও জানুন

## নিরাপত্তা এবং নির্ভরযোগ্যতা

আমাদের পরিষেবাগুলির নিরাপত্তা এবং নির্ভরযোগ্যতা বজায় রাখতে সাহায্য করার জন্য আমরা আপনার তথ্য যেভাবে ব্যবহার করি সেগুলির মধ্যে কয়েকটি হল:

- অটোমেটেড অপব্যবহারের বিরুদ্ধে সুরক্ষার জন্য আইপি অ্যাড্রেস এবং কুকিজ-এর ডেটা সংগ্রহ ও বিশ্লেষণ করা। এই অপব্যবহার বিভিন্ন রূপে হয়, যেমন Gmail ব্যবহারকারীদের স্প্যাম পাঠিয়ে, প্রতারণামূলকভাবে বিজ্ঞাপনগুলিতে ক্লিকের দ্বারা বিজ্ঞাপনদাতাদের থেকে টাকা চুরি করে বা ডিস্ট্রিবিউটেড ডিনায়েল অফ সার্ভিস (DDoS) অ্যাটাক লঞ্চ করার দ্বারা কন্টেন্টকে সেন্সর করে।

- আপনার অজান্তে কেউ আপনার ইমেল অ্যাক্সেস করেছে কিনা জানতে Gmail-এর "শেষ অ্যাকাউন্ট অ্যাক্টিভিটি" বৈশিষ্ট্যটি আপনাকে সাহায্য করতে পারে। এই বৈশিষ্ট্যটি আপনাকে Gmail-এ সাম্প্রতিক অ্যাক্টিভিটি সম্পর্কে তথ্য দেখায়, যেমন কোন আইপি অ্যাড্রেস থেকে আপনার মেল অ্যাক্সেস করা হয়েছে, সংশ্লিষ্ট লোকেশন এবং অ্যাক্সেসের তারিখ ও সময়। আরও জানুন

## নির্দিষ্ট পার্টনার

যেমন, আমরা YouTube ক্রিয়েটর এবং বিজ্ঞাপনদাতাদের, তাদের YouTube ভিডিও বা বিজ্ঞাপনের দর্শক সম্পর্কে জানতে কুকিজ বা অনুরূপ প্রযুক্তি ব্যবহার করে পরিমাপের কোম্পানিগুলির সাথে কাজ করার অনুমতি দিই। আরেকটি উদাহরণ হল আমাদের শপিং পৃষ্ঠাগুলিতে থাকা মার্চেন্ট, যারা তাদের প্রোডাক্ট তালিকা কতজন লোক দেখেছে তা বুঝতে কুকিজ ব্যবহার করে। এই পার্টনারদের সম্পর্কে এবং তারা আপনার তথ্য কীভাবে ব্যবহার করে তার বিষয়ে আরও জানুন।

## নিশ্চিত ও উন্নত করা

যেমন, আমাদের বিজ্ঞাপনের পারফরম্যান্স বাড়ানোর জন্য, আমাদের বিজ্ঞাপনগুলির সাথে ব্যবহারকারীরা কীভাবে ইন্টারঅ্যাক্ট করেন তা আমরা বিশ্লেষণ করি।

## নিশ্চিত করা যে আমাদের পরিষেবা ইপ্সিত উদ্দেশ্যে কাজ করছে

যেমন, কোনও সমস্যা আছে কিনা জানতে আমরা সবসময় আমাদের সিস্টেমগুলি নিরীক্ষণ করি। এবং যদি আমরা একটি নির্দিষ্ট বৈশিষ্ট্যে কোনও সমস্যা খুঁজে পাই তাহলে সমস্যা শুরু হওয়ার আগে সংগৃহীত অ্যাক্টিভিটির তথ্য পর্যালোচনা করার মাধ্যমে আমরা আরও দ্রুত সমস্যার সমাধান করতে পারি।

## পেমেন্টের তথ্য

যেমন, যদি আপনি Google অ্যাকাউন্টে একটি ক্রেডিট কার্ড বা অন্য পেমেন্ট পদ্ধতি যোগ করেন তাহলে আপনি আমাদের সব পরিষেবা জুড়ে জিনিস কিনতে সেটি ব্যবহার করতে পারেন; যেমন, Play স্টোর থেকে অ্যাপ। আপনার পেমেন্ট প্রক্রিয়া করতে সাহায্য করার জন্য আমরা আপনাকে অন্যান্য তথ্য দেওয়ার জন্যও বলতে পারি, যেমন ব্যবসার ট্যাক্স আইডি। কিছু ক্ষেত্রে আপনার পরিচয় যাচাই করার প্রয়োজন হতে পারে এবং তা করার জন্য আমরা আপনাকে সম্পর্কিত তথ্য দেওয়ার জন্য বলতে পারি।

আপনি যে বয়সের শর্ত মেনে চলেন তা যাচাই করতে, প্রয়োজন হলে আমরা আপনার পেমেন্টের তথ্যও ব্যবহার করতে পারি, যেমন, আপনি একটি ভুল জন্মতারিখ লিখেছেন যার অর্থ আপনার এখনও Google অ্যাকাউন্ট তৈরি করার বয়স হয়নি। আরও জানুন

## ফোন নম্বর

যদি আপনার অ্যাকাউন্টে আপনি ফোন নম্বর যোগ করেন তাহলে আপনার সেটিংসের ভিত্তিতে Google-এর সব পরিষেবা জুড়ে সেটি বিভিন্ন উদ্দেশ্যে ব্যবহার করে যেতে পারে। যেমন, যদি আপনি পাসওয়ার্ড ভুলে গিয়ে থাকেন তাহলে আপনার অ্যাকাউন্ট অ্যাক্সেস করায় সাহায্য করতে, আপনার পরিচিতদের আপনাকে খুঁজে পেতে এবং আপনার সাথে যোগাযোগ করায় সাহায্য করতে এবং আপনাকে আরও প্রাসঙ্গিক বিজ্ঞাপন দেখাতে, আপনার ফোন নম্বর ব্যবহার করা যেতে পারে। আরও জানুন

## বাড়ি ও অফিসের মতো যেসব জায়গা আপনি লেবেল করেন

আপনার Google অ্যাকাউন্টে, আপনার বাড়ি বা অফিসের মতো গুরুত্বপূর্ণ ঠিকানা সেভ করে রাখার জন্য বেছে নিতে পারেন। আপনার বাড়ি বা অফিসের ঠিকানা সেট করে রাখলে, দিকনির্দেশ পাওয়া অথবা আপনার বাড়ি বা অফিসের কাছাকাছি সার্চ ফলাফল এবং আরও উপযুক্ত বিজ্ঞাপন পাওয়ার মতো কাজ আরও সহজে করার ক্ষেত্রে সাহায্য করতে পারবে।

আপনার Google অ্যাকাউন্ট থেকে যেকোনও সময় আপনার বাড়ি অথবা অফিসের ঠিকানা এডিট করতে অথবা মুছতে পারবেন।

## বিষয়বস্তু ও বিজ্ঞাপন দেখা এবং সেগুলির সাথে ইন্টারঅ্যাকশন করা

যেমন, আমরা কন্টেন্ট ও বিজ্ঞাপন দেখা এবং সেগুলির সাথে ইন্টারঅ্যাকশন করা সম্পর্কে ডেটা সংগ্রহ করি, যাতে আমরা বিজ্ঞাপনদাতাদের একত্রিত করা তথ্য দিতে পারি; যেমন আমরা তাদের বিজ্ঞাপন কোনও পৃষ্ঠায় দেখিয়েছি কিনা এবং কোনও দর্শক সেই বিজ্ঞাপনটি দেখেছেন কিনা। আমরা অন্যান্য ইন্টারঅ্যাকশনকেও পরিমাপ করতে পারি; যেমন, কোনও বিজ্ঞাপনের উপর আপনি কীভাবে মাউস চালিয়েছেন বা বিজ্ঞাপন দেখানো হয় এমন পৃষ্ঠাতে আপনি কোনও ইন্টারঅ্যাকশন করেছেন কিনা।

## ভয়েস এবং অডিওর তথ্য

যেমন, Google Search, Assistant এবং Maps-এর সাথে আপনি ইন্টার‍্যাক্ট করার সময় Google-এর মাধ্যমে কোনও অডিও রেকর্ডিং আপনার Google অ্যাকাউন্টে সেভ করতে চান কিনা তা বেছে নিতে পারবেন। আপনার ডিভাইস "Ok Google"-এর মতো চালু করার অডিও কমান্ড শনাক্ত করলে, Google অ্যাক্টিভেশনের কয়েক সেকেন্ড আগে থেকেই ভয়েস ও অডিও রেকর্ড করা শুরু করে। আরও জানুন

### লোকজন

যেমন, আমরা Google-এর কন্টেন্ট সরিয়ে দেওয়া সংক্রান্ত নীতি বা প্রযোজ্য আইন মেনে আমাদের পরিষেবা থেকে কন্টেন্ট সরিয়ে দেওয়ার অনুরোধ সম্পর্কে তথ্য প্রক্রিয়া করি। এর সাথে আমরা আপনার অনুরোধ মূল্যায়ন করতে, স্বচ্ছতা বজায় রাখতে এবং আরও ভালভাবে দায়িত্ব পালন করতে, কন্টেন্ট সরিয়ে দেওয়া সংক্রান্ত অনুরোধে জালিয়াতি এবং অপব্যবহার রোধ করতে এটি করে থাকি।

### লোকজনের উপকার করা

যেমন, আমরা লোকজনদের শেখাতে, গবেষণায় সহায়তা করতে এবং এই অনুরোধগুলির বিষয়ে স্বচ্ছতা বজায় রাখতে আমাদের পরিষেবা থেকে কন্টেন্ট সরানোর অনুরোধ সম্পর্কে তথ্য প্রসেস করি।

### শারীরিক ও মানসিক স্বাস্থ্যের সাথে সম্পর্কিত একই ধরনের তথ্য

Fitbit, Pixel Watch, Nest বা Google Fit-এর মতো আমাদের অফার করা ফিটনেস প্রোডাক্ট আপনি ব্যবহার করলে, আমরা উচ্চতা ও ওজনের মতো আপনার দেওয়া ডেটা সংগ্রহ করি। এছাড়া, আমরা এইসব অ্যাপ ও ডিভাইস থেকে তথ্য সংগ্রহ করি। যেমন, আপনার ঘুমের প্যাটার্ন, হার্ট রেট, শরীরের তাপমাত্রা, খরচ করা ক্যালোরি এবং কত পা হেঁটেছেন।

### সংবেদনশীল শ্রেণী

আপনাকে নিজের মতো করে সাজানো বিজ্ঞাপন দেখানোর সময় আমরা আপনার অ্যাক্টিভিটির উপর ভিত্তি করে আপনার জন্য আগ্রহের হতে পারে এমন বিষয়গুলি ব্যবহার করি। যেমন, আপনি "রান্না ও রেসিপি" বা "এয়ার ট্রাভেল" ইত্যাদির মতো বিষয়ে বিজ্ঞাপন দেখতে পারেন। আমরা জাতি, ধর্ম, যৌন অভিমুখ বা স্বাস্থ্যের মতো সংবেদনশীল বিষয়গুলি ব্যবহার করি না বা সেগুলির উপর ভিত্তি করে নিজের মতো করে সাজানো বিজ্ঞাপন দেখাই না। এবং আমাদের পরিষেবা ব্যবহার করেন এমন বিজ্ঞাপনদাতাদের উপর আমরা একই শর্ত প্রয়োগ করি।

### সঠিকভাবে কাজ করতে কুকিজ-এর উপর নির্ভর করা

যেমন, আমরা 'lbcs' নামক একটি কুকি ব্যবহার করি যা আপনার জন্য একটি ব্রাউজারে অনেকগুলি Google দস্তাবেজ খুলতে পারে। এই কুকিটি ব্লক করে দিলে Google দস্তাবেজ প্রত্যাশা অনুযায়ী কাজ করবে না। আরও জানুন

## সমগ্র বিশ্বে ছড়িয়ে থাকা সার্ভার

যেমন, আমরা এমন ডেটা সেন্টার ব্যবহার করি যা সমগ্র বিশ্বে ছড়িয়ে রয়েছে, যাতে আমাদের প্রোডাক্টগুলি ব্যবহারকারীদের জন্য নিরন্তর উপলভ্য থাকে।

## সমুচিত সুরক্ষাব্যবস্থা

যেমন, আমরা ডেটাকে নামবিহীন বা এনক্রিপ্ট করতে পারি যাতে নিশ্চিত করা যায় যে সেগুলি আপনার সম্পর্কে অন্যান্য তথ্যের সাথে লিঙ্ক করা যাবে না। আরও জানুন

## সরিয়ে দিন

যেমন, উপরে করা উল্লেখ অনুযায়ী, নির্দিষ্ট কয়েকটি Google পরিষেবার কন্টেন্ট, যেখানে আপনার তথ্য থাকতে পারে, সেই কন্টেন্ট সরানোর অনুরোধ আপনি করতে পারেন। কন্টেন্ট সরিয়ে দেওয়ার এই অনুরোধ প্রযোজ্য আইন (ডেটা সুরক্ষা আইন সহ) ও আমাদের নীতি অনুযায়ী করতে হবে।

## সর্বজনীনভাবে অ্যাক্সেসযোগ্য উৎস

যেমন, Google-এর AI মডেলকে প্রশিক্ষণ দেওয়ার জন্য এবং Google Translate, Gemini অ্যাপ ও ক্লাউড AI সুবিধার মতো প্রোডাক্ট ও ফিচার তৈরি করার জন্য আমরা অনলাইনে সর্বজনীনভাবে উপলভ্য বা অন্যান্য সর্বজনীন সোর্স থেকে তথ্য সংগ্রহ করতে পারি। অথবা, আপনার ব্যবসার তথ্য ওয়েবসাইটে দেখা গেলে, আমরা Google পরিষেবায় সেটি ইন্ডেক্স করতে ও দেখাতে পারি।

## Google অ্যাপ থাকা Android ডিভাইস

Google অ্যাপ থাকা Android ডিভাইসের মধ্যে অন্তর্ভুক্ত হয় Google বা আমাদের কোনও পার্টনারের বিক্রয় করা ডিভাইস; যেমন, ফোন, ক্যামেরা, গাড়ি, ওয়্যারেবল এবং টিভি ইত্যাদি। এই ডিভাইসগুলিতে Google Play পরিষেবা এবং আগে থেকে ইনস্টল করা অন্যান্য অ্যাপ ব্যবহার করা হয়; যেমন Gmail, ম্যাপ, আপনার ফোনের ক্যামেরা ও ফোনের ডায়ালার, টেক্সট-টু-স্পিচ রূপান্তর, কীবোর্ড ইনপুট এবং সুরক্ষামূলক বৈশিষ্ট্য। Google Play পরিষেবা সম্পর্কে আরও জানুন।

## Google পরিষেবায় অ্যাক্টিভিটি

আপনি যদি আপনার Google অ্যাকাউন্টে সাইন-ইন করে থাকেন এবং 'ওয়েব ও অ্যাপ অ্যাক্টিভিটি' চালু করা থাকে, Google Sites, অ্যাপ এবং পরিষেবায় আপনার অ্যাক্টিভিটি ডেটা আপনার অ্যাকাউন্টের 'ওয়েব ও অ্যাপ অ্যাক্টিভিটিতে' সেভ করা হতে পারে। Google পরিষেবা ব্যবহারের সময় যে সাধারণ এলাকায় আপনি ছিলেন সেগুলো সম্পর্কে কিছু অ্যাক্টিভিটি অন্তর্ভুক্ত হতে পারে। আপনি সাধারণ এলাকা সম্পর্কে কিছু সার্চ করলে, আপনার সার্চ কমপক্ষে ৩ বর্গ কিমি জুড়ে হবে বা অন্ততপক্ষে ১,০০০ মানুষ বসবাস করে এরকম স্থান পর্যন্ত আপনার সার্চ বাড়িয়ে নিতে পারেন। আপনার গোপনীয়তা সুরক্ষিত রাখতে সহায়তা করে।

কিছু ক্ষেত্রে, আপনার সার্চ করা একটি প্রাসঙ্গিক স্থানের জন্য আপনার আগের সার্চ করা কোনও লোকেশনের তথ্য ব্যবহার করা হতে পারে। যেমন, চেলসিতে থাকাকালীন আপনি যদি কোনও কফি শপ সার্চ করে থাকেন ভবিষ্যতে কোনও সার্চ করা হলে Google চেলসির জন্য ফলাফল দেখাতে পারে।

আমার অ্যাক্টিভিটি বিকল্প থেকে আপনি 'ওয়েব ও অ্যাপ অ্যাক্টিভিটি' দেখতে এবং কন্ট্রোল করতে পারবেন।

## Google-এর নির্দিষ্ট পরিষেবা

যেমন, আপনি Blogger থেকে আপনার ব্লগ অথবা Google সাইট থেকে আপনার একটি Google সাইট মুছে ফেলতে পারেন। এছাড়া আপনি Play স্টোরে অ্যাপ, গেম ও অন্যান্য কন্টেন্টের বিষয়ে আপনার দেওয়া রিভিউ মুছে দিতে পারেন।

## Google-এর সাথে পার্টনার হওয়া

Google-এর নয় এমন ওয়েবসাইট এবং অ্যাপ যেগুলি বিজ্ঞাপন দেখানোর জন্য Google-এর সাথে পার্টনার হয়েছে, সেগুলির সংখ্যা ২০ লক্ষের বেশি। আরও জানুন